বসস্তাদ্যা মহেশানি ঋতবশ্চ গৃহে গৃহে।। ১।।
নানাগন্ধ স্থগন্ধেন মোদিতা মথুরা সদা।
কিনসাধ্যং মহেশানি মথুরা ব্রজমণ্ডলে।।১০।।
যত্রাস্তে সা মহানায়া যশোদা গর্ভপঞ্জরে।
এতদ্বাহল্য বৃত্তান্তং ভারতেষু প্রগীয়তে।।১১।।

মথুরা ব্রজমণ্ডল সর্কশক্তিময় পীঠস্থান, যেখানে স্বয়ং কাত্যায়নী বাস করেন॥ ৮॥

মথুরা ব্রজমণ্ডলে কিছুই অসাধ্য নাই। হে মহেশানি ! এখানে দর্কদা ছয় ঋতু বর্তুমান থাকে॥ ৯॥

মথুরা স্থান সকলো নানা সৌগন্ধ পরিপূর্ণ এবং এখানে কিছুই অসাধ্য নাই॥ ১০ ॥

হে মহেশ্বরি! যেখানে সেই মহামায়া যশোদা গর্ভ মধ্যে অবস্থান করিতেন। এই সকল বাহুল্য বৃত্তান্ত ভারতে সবিশেষ বর্ণিত আছে।। ১১।।

অস্থার্থঃ।

মথুরা পীঠং সর্কাশজি ময়মিতি।। ৮।। কিমিতি মথুরা এজমওলে ন কিমপ্যসাধ্যং সক্ষমেৰ সাধ্যমিত্যর্থঃ। বসস্তাদ্যা ঋতবঃ সদৈব গৃহে গৃহে বিরাজতে।। ৯।। নানেতি। মথুরা সদৈব নানা স্কর্মজ পুর্বেতি ভাবঃ।। ১০।। ষ্যেতি। যুশোদা গর্ভপঞ্জরে যুশোদায় ব্যাসোক্ত মেতৎ সর্বংহি ব্যাসো মম তন্তুঃ সদা।
মম দেহধরো ব্যাসঃ সততৎ পরমেশ্বরি ॥ ১২॥
ভাদ্রে মাস্যসিতেপক্ষে অফন্যাংবরবর্ণিনি।
নিশ্যর্কে রোহিণীযুক্তে হরিরাবিরভূৎপ্রিয়ে।১৩।
যথা বিফু স্তথা মায়া আবিভূ তা বরাননে।
মহামায়াতু যা দেবী কৃষ্ণবক্ষো নিবাসিনী।। ১৪॥

ভাষা ৷

সমস্ত ভারত বেদব্যাস প্রণীত; ব্যাসদেব আমার অংশ।১২ হে স্থন্দরি! ভাজমাসের কৃষ্ণাষ্ঠমীতে অর্দ্ধরাত্রি সময়ে হরি আবিভূতি হইলেন।। ১৩।।

যেমন কৃষ্ণ অবতীর্ণ হইলেন তেমন মহামায়াও আবিভূতি। হইলেন।। ১৪।।

वयार्थः।

গর্ভান্তরে। ভারতেষু মহাভারতাদৌ প্রণীয়তে কীর্ভাতে।। ১১ ।। ব্যানেতি ধকাহাভারতং ব্যানেন কথিতং স ব্যানঃ মমাংশভূতঃ।। ১২ ।। ভাত্রইতি। ভাত্রকৃষাইক্যা নিশ্যক্ষে হরির্জাতঃ।। ১৩ ।। যথা হরির্জাত তথা মহামায়াপি জাতেত্যর্থঃ।। ১৪ ।। ইশ্বর তবাচেতি। হরি

ঈশ্বর উবাচ।

হরিছি নিগুণিঃ সাক্ষাৎ বরে বর হিতপ্রিয়ে।
শরীরংহি নহেশানি প্রকৃতিঃ পরনেশ্বরী।।
নিবৃত্য বিগ্রহং নায়াং হরি জ্যোতির্ময়ঃ সদা। ৫
প্রকুল্ল পুগুরীকাক্ষং চতুর্বাহু সমন্বিতং।
শ্রবণে কুগুলোপেতং নকরাক্তি স্কুন্দরং।
শ্রীবৎস কৌস্তভোদ্দীপ্তং হদয়ং বজুসন্নিতং।
পীতাশ্বর ধুরং দেবং দলিতাঞ্জন চিক্কণং। ১৬।।
ভাষা।

সহাদেব পুনর্কার বলিতেছেন, হেপ্রিয়ে পার্ক্তি! বিষ্ণু ত্রিশুণাভীত তাঁহার শরীর প্রকৃতি কপিণী। বাস্থদেব জ্যোতিশ্ময় শরীর পরিত্যাগ করিয়া মায়াময় শরীর ধারণ করিলেন।। ১৫।।

বাস্তদেবের কিবা মনোহর মূর্ত্তি; বিকশিত শ্বেত কমলের ন্যায় নয়নদ্বয়, কর্নে মকরাকৃতি অতি মনোহর কুণ্ডল। চারিহস্ত, শ্রীবংস চিহ্নিত অতি বিস্তৃত বক্ষঃস্থলে কৌস্তভমণি দীপ্তি পাইতেছে; পীতাম্বর পরিধান, দলিতগঞ্জনের ন্যায় উজ্জ্বল শ্রামবর্ণ।। ১৬।।

অস্থার্থঃ।

নিথাৰ ক্ষিথাৰাতীতঃ নিৰ্ত্য ত্যজ্বা বিগ্ৰহং শ্রীরং।। ২৫।। প্রফুল ক্ষেতি। প্রফুল পুঁওরীকাক্ষং বিকশিত খেতার্বিক্দ নয়নং। নকরাকৃতি কুগুলং নকর সদৃশ কর্নভূষণং। জীবৎসং চিক্বিশেষঃ কৌস্তভোমণি বিশেষঃ তান্ত্যা মুক্ত্বল হাদাং। চিক্বং উদ্বিথাং।। ২৬।। সার্দেতি।

সারদেশু প্রসন্ধান্যং শশ্বচক্রাদি ধারিণং।
মালয়া শোভিতং দেবং চতুর্বাহু ধরং সদা 1১৭।
কিন্ধিণীং কটি মধ্যেতু ধারয়ন্তং মনোহরং।
কেয়ূরাঙ্গদবলয়ৈ রতীব স্থন্দরং প্রিয়ে।
ত্রিপুরয়া মহেশানি দত্তমালা মনোহরং।। ১৮।।
এবং মায়া বিগ্রহঞ্চ ধূমা ক্রফ্রঃ পরাৎপরঃ।
বস্থদেবগৃহে দেবি দেবকী গর্ভ সম্ভবঃ।
আবিরাসী মহেশানি ক্রফ্রঃ পত্ম দলেক্ষণঃ। ১৯।
ভাষা।

শরৎকালীন পূর্ণচন্দ্রের ন্যায় প্রসন্ন বদন ভুক্ত চতুষ্ঠরে শঙ্খচক্র গদাপাল বিরাজমান আছে। বনমালা শোভিত কলেবর ॥ ১৭ ॥

কটিদেশে কিন্ধিণীযুক্ত মনোহর কাঞ্চীগুণ, হস্ত চতুষ্ঠয় কেয়ুর বলয়াদি ভূষিত; ত্রিপুরাদেবীর প্রাদত্ত মাতৃকা মালা ধারণ করাতে অতি রমণীয়।। ১৮।।

পরাৎপর কৃষ্ণ উক্ত ৰূপ মায়াময় বিগ্রহ ধারণ করিয়া বস্তু-দেব গৃহে দেবকী গর্ত্ত হইলেন।। ১৯।। অস্তার্থঃ।

শরৎ পূর্ব চন্দ্রবৎ প্রেসম্মবদনং। মালয়া বন কুসুন অজা।। ১৭ ।। কিছিনীমিতি কিছিনীং কুন্দ্র হিটিকাং কটিনব্যে ধার্যন্তং। ক্রিপুরা প্রদন্ত মাতৃকা মালা ধার্বেনাতি স্কুন্দর নিত্যর্থঃ।। ২৮ ।। এবমিতি এবং উক্ত ক্রপেণ মায়। বিগ্রহং মায়াময় শরীরংগুড়া পরাৎপরঃ প্রলোচনঃ কুন্দঃ বস্তুদ্বের পূত্র আবিরাসীৎ আবিভূতিভাইভূদিতার্থঃ।। ১৯ ।। এবমিতি এবং শব্দ ময়োভূষা ক্ষস্ত পরমো হব্যয়ঃ।
তএব নহেশানি শব্দ ব্রহ্ম হরিঃ সদা।। ২০।।
কার্য্যকারণয়ো র্মধ্যে মহানায়াম্বিতঃ সদা।
নকার্য্য কারণঞ্চাত্র ঈশ্বরঃ কমলেক্ষণঃ।। ২১।।
কার্য্যঞ্চ কারণঞ্চৈব মহানায়া জগন্ময়ী।
নায়া বিগ্রহ নাশ্রিত্য হরি রাবিরভূৎ স্বয়ং। ২২।
ইদনাশ্চর্য্য বাপংহি দৃষ্ট্যা বিস্ময় নাগতঃ।
পিতা নাতা নহেশানি আশ্চর্য্যং বিস্ময়ং গতাঃ
।। ২৩।।

ভাষা ৷

এবং শব্দ ব্রুপী সনাতন বিষ্ণু জন্ম গ্রহণ করিলেন বলিয়া
 হরি শব্দ ব্রহ্ম বাচ্য হইল।। ২০।।

কার্য্য ও কারণ ও এই উভয়ের মধ্যে মহামায়ান্বিত হরিকেই কার্য্য কারণ বলা যায়। কিন্তু কেবল পদ্ম লোচন কৃষ্ণ কার্য্যও কারণ নয়। হরি মায়াময় বিগ্রহ ধারণ করিয়া স্বয়ং আবি-ভূতি ইইয়াছিলেন।। ২১॥ ২২॥

পিতা মাতা প্ৰভৃতি সকলেই এই ৰূপ অদ্ভুত ৰূপ দৰ্শনে বিশায়ান্তিত হইলেন।। ২৩॥

অস্থাৰ্থঃ |

শক্ষময়ঃ শক্ষরণী। জ্বব্যরোনিত্যঃ। জ্বতএর কৃষ্ণঃ কার্য্য কারণ রূপং জগদিত্যুর্থঃ।। ২০ ।। কার্য্যেতি। কার্য্য কারণয়ে। স্মধ্যে নৈকমপি কৃষ্ণঃ জ্বপিজু বয় মেব মহামায়েতি। তদ্য বিপ্রহ্এব মায়াময় ইড্যর্থঃ।।২১ ।। ২২ ।। ইক্ষাতি ইদযুক্ত রূপং বিশ্বয় মাগতো বিশ্বিতো;ভূদিতি ।। ২৩।।

বস্থদেব উবাচ।

নমস্তভ্যং ভগবতে ক্ষায় বৈকুণ্ঠ মেধসে।
এতদ্ধাপং মহাবাহো সংহরাশু মহাবিভো ॥২৪॥
এতচ্চুত্বা বচস্তম্য বস্থদেবস্য পার্বতি।
বিধৃত্য প্রাক্তং কপং নরলোক বিড়ম্বনং ॥২৫।
প্রাক্তংহি মহেশানি বিগ্রহং যচ্চ স্তুদ্রি।
তদেব প্রাক্তং নায়াং ক্রনাণ্ড ব্যাপিনীং পরাং।
॥ ২৬॥

ভাষা ৷

বস্থাদেব উক্ত প্রকার অদ্ধুত কাপ ধারী কুমার দেখিয়। ঈশ্বর বোপে স্তব করিতেছেন। হে ভগবন! বৈকুপ পতি বৃষ্ণ তোমাকে নমন্ধার করি; হে বিভে! তুমি এই ৰূপ হরণকর ।২৪। ভগবান বহুদেবের এই বাক্য প্রবণ করিয়া স্থায় ৰূপ অপ-হরণ পূর্বক লোক বিভ্ন্থনার্থ প্রাকৃত ৰূপে ধারণ করিলেন।।২৫।। হে স্থানরি! প্রাকৃত বিগ্রাহে যাহা কিছু বিদ্যমান আছে ভাহাই ব্রহ্মাণ্ড ব্যাপিনী মহামায়া।। ২৬ ॥

অস্থাৰ্থঃ |

বস্তুদেনঃ কুমার মন্তুত রূপং দৃষ্ট্বাঈথরোয়নিতি নিশ্চিত্য স্তৌতি বস্তুদেৰ উবাচেতি ।। २३ ।। এতদিতি বস্তুদেব বচন মাকর্ণা নরলোক মোহনীয়ং প্রাকৃতং রূপং দংধী।। ২৫ ।। প্রাকৃত্তীতি ত্রের্গ্থ প্রাকৃতং রূপং দৈব ব্রহাও ব্যাপিনী প্রকৃতিকৃপিনী মায়েত্যগ্রঃ।। ২৬ ।। বিধুড্যেতি হরিঃ বিধৃত্য প্রাক্তং রূপং ক্ষণ্ণ পদ্মদলেক্ষণঃ। বাল্য কৈশোর পৌগও কর্মাপি হরি মেধসঃ।২৭ দিবসে দিবসে দেবি যচ্চক্রে কনলেক্ষণঃ। অত্যন্তগোপনং দেবি সারাৎসারং পরাৎপরং। তত্তে২হং সংপ্রবক্ষ্যামি সাবধানা বধারয়।২৮।

দেব্যুবাচ।

ক্ষণ্য বিগ্রহং দেব পরনেশ পুরাতন।
নানালক্ষণ সংযুক্তং নানাকপ ধরং সদা।
তৎসর্বং পরনেশান বিস্তরং বদ শঙ্কর।। ২৯।।
ভাষা।

পদ্ম লোচন কৃষ্ণ প্রাকৃত দেহ ধারণ করিয়া ক্রমতঃ বাল্য কৌশোর ও পৌগণ্ড কাল অতি বাহিত করিলেন।। ২৭।।

হে দেবি কৃষ্ণ প্রতিদিন যে যে ক্রীড়া করিয়াছেন তাহা অতি গোপনীয়, সেই সারতর গোপনীয় বিষয় আমি তোমার নিকট বলিতেছি সাবধানে শ্রবণ কর।। ২৮।।

পার্কতী পুনর্কার জিজ্ঞাসা করিতেছেন হে মহাদেব ! নানা লক্ষণ সংযুক্ত বিবিধিকার কৃষ্ণদেহ আমার নিকট সবিশেষ বর্ণন কর ॥ ২৯ ॥

অস্থাৰ্থঃ।

প্রাকৃতং রূপমান্থায় বাল্যাদি পৌগগুৰুং কাল মতিবাহয়তীত্যর্থঃ ॥২৭॥ দিবেতি । বালুদেবস্য প্রতিদিন কৃত ব্যাপারং তব কথয়ামীতিভাবঃ।২৮। দেবু।বাচেতি বিগ্রহং শ্রীরং প্রমেশ পুরাতন ইতি মহাদেব সন্ধো-

ঈশ্বর উবাচ।

উর্দ্ধবেখা যবশ্চক্রং ছত্রং পদ্ম ধ্বজাঙ্কুশং। বজুং তথান্ঠ কোনঞ্চস্বস্তিকানাঞ্চতুষ্টয়ং ॥৩॰॥ পঞ্চজমু ফলন্তত্র দক্ষিণে চরণে হরেঃ। শধ্যাম্বরং ধন্তুশ্চৈব গোম্পাদাখ্যং ত্রিকোনকং। ॥ ৩১॥

অর্দ্ধচন্দ্রত্রঃ কুম্ভো জযুফল চতুষ্টয়ং। পাদমূলে তদালীনং দাত্রিংশ দুপলক্ষণং॥৩২॥

ভাষা ৷

মহাদেব বলিতেছেন, হে পার্ক্ষতি ! প্রাবন কর আমি বৃষ্ণ-দেহে যে যে লক্ষণ আছে ভাহা বলিতেছি। দক্ষিণ পাদে উর্দ্ধ রেখা, যব, চক্রা, ছত্র, ধ্বজ, পদ্ম, অঙ্গু, অষ্ঠুকোণ বজ্জ, স্বস্তিক চতুইয়, পঞ্চ জম্মু ফল, শাস্থা, অম্বর, ধনুঃ ও ত্রিকোণ গোষ্পদ ইত্যাদি বিবিধাকার চিহ্ন আছে ॥ ৩০॥ ৩১॥

এবং বামপাদে অর্দ্ধচক্রত্রয়, কুন্ত জন্ব ফল চতুইয় ইত্যাদি দাক্রিংশং চিহ্ন বিদ্যমান আছে।। ৩২।।

অস্থার্থঃ।

ধনং। বিস্তবং বদ বাহুল্যেন কথয়।। ২৯ ।। ঈশর উবাচেতি। হরি
দিক্ষিণ চরণং উর্করেখাদি চিহ্নিতং। যবো যবাকার রেখা বিশেষঃ।
চফ্রাদয়োপ্যেবং ডন্ডদাকার চিহ্নাঞ্ছিত নিত্যর্থঃ।। ৩০ ।। ৩১ ।।
আর্কেতি। পাদসুলে বামপাদতলে অর্কচন্দ্রাদি ছাত্রিংশং চিহ্নানি
সুচিত্রানীত্যর্থঃ।। ৩২ ।। অন্যাদিতি। ইেচার্কান্ধ স্থানি অন্যং উক্ত

অন্যচ্চ শৃণু চার্বঙ্গি ব্রহ্ম বিগ্রহ কারণং।
ক্ষেপ্য ৰূপং দেবেশি সর্বশক্তি সমন্বিতং ।।৩৩।
যবশ্চক্রং পুষ্পমালা বলয়া কাঞ্চিরুত্তমা।
মালা মধ্যে অর্জচন্দ্রং কমলঞ্চ ধ্বজন্তথা।। ৩৪।।
উর্জিরেখা চার্জপাদে অঙ্কুশ ঞ্চরণামুজে।
দক্ষেশগ্রং মহেশানি মীনঞ্চ পদমূলয়োঃ।। ৩৫।।

ভাষা ।

হে স্থন্দরি ! ব্রন্ধদেহ সূচক আর যে যে চিহু আছে তাহাও বলিতেছি শ্রাবণ কর। হে দেবি ! কৃষ্ণ ৰূপে সর্ব্ধ শক্তি বিরাজ মান রহিয়াছেন।। ৩৩।।

কৃষ্ণ শরীরে ষব, চক্র, পুষ্পমালা বলয় ও কাঞ্চীগুণে শোভিত; মালামধ্যে অদ্ধচন্দ্র, কমল ও ধ্রু বর্ত্তমান আছে ॥ ৩৪ ॥

অর্দ্ধ পাদে উর্দ্ধ রেখা পাদ মূলে অঙ্কুশ চিহ্ন দক্ষিণ পাদে শক্ষা উভয় পাদে মীন চিহ্ন।। ৩৫।।

অস্থার্থ।

যর চিহ্নাদ্যধিকং ব্রহ্মশারীর নিরপণং চিহ্নং শৃণু।। ৩৩ ।। যবেও পুল্সমালা বনকুসুম শাক্। কাঞ্চী কটিভূষণং অর্কচন্দ্রং ধ্বহ্নথালা মধ্য এ বাস্তীতিভাবং।। ৩৪ ।। উর্কেতি। পাদস্যার্কভাবে উর্করেখা সমস্ত পাদে অঙ্কুশ চিহ্নিত্যর্থঃ। দক্ষিণ চরণে শাঞ্চাং মীন চিহ্নঞাভয় চরণয়োরিত্যর্থঃ। ৩৫ ।। গদামিতি। তত্রপাদে গদাকার চিহ্মপি বিদ্যতে।

গদাঞ্চ শোভনান্তত্র এবং সপ্তদশ প্রিয়ে। এবং নানাবিধং ভদ্রে লক্ষণং পরনান্ত্রতং 1৩৬1 লক্ষণং পরমেশানি সর্বশক্তি সমন্বিতং। নানা জ্যোতির্ময়ং দেহং প্রধানাং প্রকৃতিংপরাং

জ্যোতিস্ত পরমেশানি নিত্য প্রকৃতিকপিণী ৷ এবং নানাবিধং ভদ্রে শক্তা লক্ষণ লক্ষিতং ৷৩৮ ইতি বাস্তুদেব রহস্যে রাধাতত্ত্বে দশনঃ পটলঃ ৷

ভাষা |

ভাহাতে গদা চিহ্ন এবং সপ্তদশ প্রকার পরমাদ্ধ ত বিবিধ প্রকার লক্ষণ দৃষ্ঠ হয়।। ৩৬।।

হে পরমেশ্বরি ! কৃষ্ণদেহস্থিত চিহ্ন সকল সর্ব্ধ শক্তিযুক্ত ও দেহ জ্যোতির্মায় প্রকৃতি স্বক্প।। ৩৭।।

হে ঈশ্বরি! কৃঞ্দেই জ্যোতিঃ শাক্ষাং নিত্য প্রকৃতি স্বৰূপ। হে ভদ্রে! কৃঞ্দেহ উক্ত বিবিধ লক্ষণে লক্ষিত॥ ৩৮॥

হৈতি দশম পটল।

অস্থাৰ্থঃ।

এব মুক্ত প্রকার পরমান্তুত নানাবিধ চিক্তং করিপাদে বিদ্যুত ইত্যর্থ ।৩৬। লক্ষণনিতি হরেদেইং নানা জ্যোতির্ময়ং প্রধানাং প্রকৃতি ভূতা-নিত্যর্থঃ।। ৩৭।। জ্যোতিরিতি। প্রকৃতি রেব হরি দেহে জ্যোতিরূপেণা-বিশ্বতীতি ভাবঃ।। ৩৮।।

ইতি জীচক্রকুমার ভটোচার্য্য ক্তে রাধাতক ব্যাখানে দশন পটলঃ।

ঈশ্বর উবাচ।

রহস্যং পরমং গুহ্যং জগমোহন সংজ্ঞকং।
যৎ শ্রুত্বা পরমেশানি সাধকস্য চ যক্তবেৎ ।।১।।
শ্রুত্বাতু সাধক শ্রেষ্ঠো ইফৈশ্বর্য মবাপ্লুয়াৎ।
তৎসর্বং শূণু চার্বঙ্গি কথ্যামি তবান্যে।। ২।।
গুহ্মাদ্ গুহ্তমং হ্ল্যং পর্মানন্দ কারণং।
অত্যন্ত্রতং রহস্যানাং রহস্যং পরমং শিবং।৩।

ভাষা |

সহাদেব বলিতেছেন, এই পরম রহস্তা অতি গোপনীয় বিষয় ইহার ভাব কেহই বুঝিতে পারে না। হে ঈশ্বরি! এই রহস্তা ক্থা প্রবণ করিলে সাধকের অভিল্যিত ফললাভ হয়। হে স্থারি সেই সকল কথা আমি ভোমার নিকট বলিভেছি প্রবণ কর।। ১॥ ২॥

এই বাস্থাদেব রহস্তা অতি গোপনীয়, হৃদয়ঙ্গম, প্রমানন্দ-প্রদ, অতি আশ্চর্য্য জনক, ও প্রম মঙ্গল কর।। ৩॥

অস্থাৰ্থঃ !

নিখর উবাচেতি। যদাত্তদের রহস্যং শ্রুতা সাধকোই ভিলবিত ফলং লভতে পরমং গুরুং তৎকথমানি শুণু তুমিতি শেষঃ।। ১।। ২।। গুরুতি। ইদং তত্ত্বমতি গুরুং। স্বদ্যং স্বম্মনং প্রমানন্দ জনকনিত্যগ্রঃ। শিবং শ্রেমক্তরং।। ৬ ।। দুর্ম ভেতি। অতি দুস্প গ্রিং কোপি নাস্য কারণং দুল্ল ভানাঞ্চ পরনং দুল্ল ভং সর্বমোহনং।
সর্বশক্তিময়ং দেবি সর্বতন্ত্রেমু গোপিতং ।। ৪ ।।
নিত্যং বৃন্দাবনং নাম সতী কেশোপরি স্থিতং।
পুনর্কু স্থেশ্বর্যাং নিত্যমানন্দ মব্যয়ং ।। ৫ ।।
বৈকুঠ সদৃশাকারং স্বয়ং বৃন্দাবনং ভুবি।
যচ্চ বৈকুঠ নৈশ্বর্যাং গোকুলে তৎপ্রতিষ্ঠিতং।৬
বৈকুঠ বৈভবং দেবি দারকায়াং প্রকাশিতং।
যদুক্ষ শক্তি সংযুক্তং নিত্যং বৃন্দাবনাপ্রয়ং ।।।।।
ভাষা।

ত্রিভুবনের ছল্লভ, সর্কমোহনকারী, সর্কশক্তিযুক্ত ও সুকল তন্ত্রে গোপিত।। ৪।।

দক্ষস্তা সতী দেবীর কেশ পীঠোপরি বিনির্মিত এই বৃন্দাবন স্থান নিভ্য, নিভ্যানন্দময়ও নিভ্য স্থখ সম্পৎ প্রদ।৫।

এই বৃন্দাবন পৃথিবীতে বৈকুঠ তুল্য স্থান। বৈকুঠে যে যে স্থেখ সম্পৎ বিদ্যমান আছে গোকুলেও তাহা প্রতিষ্ঠিত রহি-য়াছে॥ ৬॥

বৈকুৡ বিভব সকলই বৃন্দাবনে প্রকাশিত; এবং সর্কশিক্তি-ময় ব্রহ্ম ও বৃন্দাবনকে আশ্রয় করিয়াছেন।। ৭।। অস্থার্থঃ।

ষুধ্যতে সর্বাত্ত না ছান্তীতিভাবঃ । এত ম কুত্রাপি তক্ষে প্রকাশিত মিত্যথঃ ।। ৪ ।। নিত্যমিতি সতী দক্ষকন্যা ভগবতী তদ্যাঃ কেশ পীঠোপরি নির্দ্ধিতং। ব্রক্ষ স্থাইবর্ষাং নিত্যপ্রথ সম্পদ্যুক্তং । ৫ ।। বৈকু১৯তি । কুদাবন স্থানং বৈকুবৎ স্থা কারণমিত্যর্থঃ ৷ বৈকুঠে যদৈস্থানিকং গোকুলেপি ভদভাতি ভাবঃ ।। ৬ ।। বৈকুঠেতি । বৈভবং
সম্পাৎ ৷ শক্তিসংযুত্থ ব্রক্ষাব্র এবান্তীতিভাবঃ ।। ৭ ।। তদিতি ।

তৎকুলে মাথুরং বৃন্দাবন মধ্যে বিশেষতঃ।
জয়ুদ্বীপে মহেশানি ভারতং বিষ্ণুমোহনং ॥৮॥
নিগৃঢ়ং বিদ্যতে বিষ্ণুঃ পর্যান্ত মবধিষ্ঠিতং।
সহসুপত্র কমলাকারং মাথুর মণ্ডলং ॥ ৯॥
শক্তি চক্তোপরি শ্রীমদ্ধাম বৈষ্ণব মন্তুতং।
কর্ণিকা পত্র বিস্তারং রম্যং বৈ ক্থিতং প্রিয়ে॥
॥ ১০॥

ভাষা ৷

জমুদীপ মধ্যে এই ভারতবর্ষ বিফুর অতি প্রিয়তম। বিশে-ষতঃ মধুরা মণ্ডল অতি প্রধান স্থান।। ৮।।

মথুরা মণ্ডল সহস্রদল পাআকার এই স্থানে বিষ্ণু সর্কাদ। গুঢ়ভাবে বিদ্যামান আছেন।। ১।।

শক্তি চক্রোপরিস্থিত শ্রীমদ্বিষ্ণুধাম অতি অন্তুতাকার; ইহার কর্নিকা বিস্তার অভি মনোরম।। ১০।।

অস্থার্থঃ।

বৃদ্ধবিদ মধ্যে মধুরামওলনের প্রধান মিত্যর্থঃ। এবং জলুদ্বীপ মধ্যে ভারতবর্ষাখ্যং স্থান মেব বিফুপ্রিয়মিতি।। ৮ ।। নিগৃদ্মিতি। নিগৃদ্দিতি বিশ্বপ্রিয় মধুরামওলং সহস্রদল প্রাকার মিত্যর্থঃ।। ৯ ।। শক্তীতি বিফুপ্রিয়ং শ্রীমন্ধান শক্তি চক্তোপরিস্থিত মিতি।। ১০ ।। ক্রমেতি । পরস্পরং দ্বাদশ কুফ্তেকলি স্থান দাদশ

ক্রমশো দাদশারণ্যং নামানি কথয়ামিতে।
ভদ্র শ্রীলৌহ ভাণ্ডীর মহাতালখদীরকাঃ।। ১১ ।।
বহুনা কুমুদং কাম্যং মধু বৃন্দাবন স্তথা।
বিশেষং শূলু বক্ষ্যামি ক্রমং পরম স্থানর ।।১২।।
ভদ্রশু তাপসী মূর্ত্তি স্তাপিনী শ্রীবন স্তথা।
ধূমা লৌহ বনং ভদ্রা ভাণ্ডীর মুত্তমং বনং ।১৩।
মহাতাল বনং ভদ্রে জালিনী পরমা কুলা।
ক্রচিস্ত খদিরং ভদ্রে বনং পরম শোভনং ।।১৪।।
ভাষা।

কুমশ দাদশ বনের নাম তোমার নিকট বলিতেছি। ভদ্র-বন, গ্রীবন, লৌহবন, ভাণ্ডীরবন, মহাবন, তালবন, খদিরবন, বহুবন, কুমুদ্বন, কাম্যবন, ম্ধুবন ও বৃদ্ধাবন। হে স্থাদরি! এই দ্বাদশ বনের বিশেষ ভোমার নিকট বলিব।। ১১॥ ১২॥

রাধিকার এক এক মূর্ত্তি এক এক বন ৰূপে অবতীর্ন হই-য়াছে তাহার বিশেষ এই। ভদ্রবন তাপৃসীমূর্ত্তি, ঞ্রীবন তাপিনী-মূর্ত্তি, ধূদ্রামূর্ত্তি লৌহবন, ভদ্রামূর্ত্তি ভাণ্ডীরবন।। ১৩।।

হে প্রিয়ে জালিনীমূর্ত্তি মহাবন ও তালবন এবং কচিমূর্ত্তি খদিরবন এই সকল বন অতি মনোহর॥ ১৪॥

অস্থার্থঃ।

বন নামানি কথামীত্যর্থঃ।। ১১ ।। বহুনেতি ছাদশবনমধ্যে বৃদ্ধাবনস্য বিশেষং শৃত্তিগ্র্যালশবনানি যথা; জন্তবনং জীবনং লৌহবনং ভাতীর বনং মহাবনং তালবনং থদিরবনং বছবনং কাম্যবনং কুমুদবনং বৃদ্ধাবন-ছেতি।। ১২ ।। ভজেতি । পঞ্জিন্যা সূর্ভিবিশেষ এব ব্যুক্তিবিশ্বিত। সুসুমা বহুনা ভদ্রে কুমুদং ভোগদা প্রিয়ে।
বিশ্বা মধুবনং প্রোক্তং বৃন্দাচ ধারিনী তথা।
কাম্যঞ্চ মালিনী দেবি মহদনং ক্ষমা তথা।
বন মুখ্যা দাদশৈতাঃ কালিন্দ্যাঃ সপ্ত পশ্চিমে১৬
অন্যচ্চো পবনং ভদ্রে রুক্টক্রীড়া রসস্থলং।
কদম খণ্ডিকং নন্দবনং নন্দীশ্বরং প্রিয়ে। ১৭।
নন্দমানন্দ সুপ্তঞ্চ পলাশা শোক কেতকী।
সুগন্ধি মোদনং কোল মমৃতং ভোজন স্থলং ১৮

স্থ্যু। মূর্ত্তি বহুবন ভোগদা মূর্ত্তি কুমুদ্বন বিশ্বামূর্ত্তি মধুবন, ধারিণী মূর্ত্তি বৃন্দাবন।। ১৫।।

মালিনীমূর্ত্তি কাম্যবন ক্ষমামূর্ত্তি মহাবন। এই দ্বাদশ্বন সর্ববন প্রধান; কালিন্দীর পশ্চিম ভাগে বিদ্যমান॥ ১৬॥

কদম্ব খণ্ডিকা নন্দবন ও নন্দীশ্বর বন প্রভৃতি আর আর যে উপবন আছে তাহা কৃষ্ণের ক্রীড়া রসস্থান ॥ ১৭॥

নন্দন ও আনন্দ নামে ছই বন কৃষ্ণের শয়ন স্থান। পলাশ অশোক ও কেতকী বনে কৃষ্ণ গন্ধামোদ স্থা সেবা করেন। কৌলবন অমৃতাসাদন স্থান॥ ১৮॥

অন্তাৰ্থ ৷

পজিন্যা যাতাপদী মূর্ত্তি ভাদের ভাজবনং এর মন্যাত্রাপি। এতদাদশবন মের প্রধানং তক্র কালিন্দ্যাঃ পশ্চিমেন্ডাগে সপ্তবনং বিদ্যাতে।। ১৩।। ।। ১৪।। ১৫।। ১৬।। ভান্যদিতি ভান্যৎ কদস্ব খণ্ডিকাদি ঘাত্রিংশছনং পর্ম কুষ্ণক্রীড়া রুসস্থা নিত্যধঃ।। ১৭।। নদ্দেতি। নন্দন্বনং স্প্রং মুখ প্রসাধনং বৎস হরণং শেষ শায়িকং।
শ্যানপূর্য্যং দিখিপ্রামং বৃষভান্ত পুরং তথা।১৯।
সক্ষেত্র-দ্বিপদ ধ্রেব রাস ক্রীড়ন্ত ধূষরং।
কেমুদ্রমং সরোবীনং নবমং মুক্চন্দনং। ২০।
সংখ্যা বনস্য দাবিংশ দিখং সাধন সিদ্ধিদাঃ।
পূর্বোক্তং দাদশারণ্যং প্রধানং বন মুত্তমং।২১।
তত্রোত্তরে চতুর্থঞ্চ বনঞ্চ সমুদা হৃতং।
নানাবিধ রসক্রীড়া নানা লীলাময়ং স্থলং।২২।

ভাষা ৷

বন প্রদেশে বংসহরণ প্রভৃতি নানাবিধ স্থুখ সেবায় কাল-বর্ত্তন করেন।। ১৯।।

সক্ষেত্র, দ্বিপদ প্রভৃতি যে আর কতকগুলি বন আছে তা-হাতে কৃষ্ণ রাসক্রীড়া প্রভৃতি বিবিধ আমোদ করিতেন।।২০।।

উক্ত দ্বাত্রিংশদ্বন সাধন সিদ্ধিপ্রদ কিন্তু পূর্কোক্ত দ্বাদশ্বন সর্ক্রবন শ্রেষ্ঠ ও কৃষ্ণের প্রিয়তম।। ২১ ।।

এই সকল বনের উত্তরে চতুর্থ বন নামে এক বন আছে ভাহা সর্ববন শ্রেষ্ঠ ও নানাপ্রকার রসলীলা স্থল।। ২২।।

অস্থার্থঃ।

শায়নবনং। অমৃতবনং ভোজন স্থলং।। ১৮ ।। সুখেতি সুখকর বংস-তরণাদিক মিতিভাবঃ।। ১৯ ।। সঙ্কেতেতি সঙ্কেতবনং রাসক্রীড়া স্থল-মিত্যর্থ:।। ২০ ।। সংখ্যোতি। ইতাং ছাত্রিংশস্থনং তত্র পূর্ব্বোক্তং ছাদশ-বনং প্রধানমিত্যর্থঃ।। ২১ ।। তত্রেতি। ছাত্রিংশস্থনস্যোত্তরে দানা- দল কেশর বিস্তার রহস্য মীরিতং ক্রমাৎ। সহসূপত্র কমলং গোকুলাখ্যং শুচিস্মিতে।। তৎকর্নিকা মহদ্ধাম ক্রফস্য স্থান মুত্তমং।। ২৩।।

ইতি বাস্থদেব রহস্যে রাধাতত্ত্বে একাদশঃ পটল।

ভাষা।

পদোরদল কেশর বিস্তার রহস্য ক্রমত তোমার নিকট বলি-য়াছি। গোকুল স্থান সহস্রদল কমল, তৎকর্ণিকা অতি প্রধান স্থান ও কৃষ্ণের অতিপ্রিয়।। ২৩।।

ইতি একাদশ পটল।

অস্থার্থঃ।

ক্রীড়াস্থলং চতুর্বনিমিতি।। ২২।। দলেতি। পত্র কেশরাদীনাং রহস্যং ক্রমাৎ ক্থিতং। সহস্রদলং যৎক্ষলং তদেব গোকুলমিতি।। ২৬।।

> ইতি এচন্দ্রকুমার ভটোচার্য্য ক্তে রাধাতক ব্যাখানে একাদশ পটলঃ।

ঈশ্বর উবাচ।

তত্ত্বাপরি স্বর্ণপীঠে মণি মণ্ডপ মণ্ডিতে।
দক্ষিণাদি ক্রমাদ্দিক্ষু বিদিক্ষু দল মীরিতং। ১।
মদ্দলং দক্ষিণে প্রোক্তং গুহ্ছাদ্ গুহ্ছতমং প্রিয়ে।
তত্রাবাসং মহাপীঠং নিগমাগম স্থন্দরং।। ২।।
যোগীক্রৈরপিদুন্প প্রাং সত্যংপুংসা মগোচরং
দলমাদো দ্বিতীয়ঞ্চ তদ্রহস্যং দ্বয়ং প্রিয়ে।।৩।।

ভাষা ৷

মহাদেব বলিতেছেন, তছপরি মণি মণ্ডপ ভূষিত স্বর্ণপীঠে দক্ষিণাদি চতুর্দিকেও অগ্নাদি চতুক্ষোণে অষ্টদল বিদ্যমান আছে॥ ১॥

হে প্রিয়ে! দক্ষিণদিকে বে দল আছে তাহা অতি গোপ-নীয়; সেই দলোপরি অতি স্থন্দর মহাপীঠ আছে॥ ২॥

ঐ মহাপীঠ যোগিগণেরও ছুম্পাপ্য ও দর্ম পুরুষের জগো-চর। হে প্রিয়ে আদ্যদল ও ছিতীয়দল উভয়ই অতি গোপ-নীয়।। ৩।।

অফ্রার্থঃ।

ঈশর উবাচেতি। শ্বর্ণপিঠে স্কর্ণাশনে মন্তিতে শোলিতে। क्रिक् দক্ষিণানি চতুর্দ্দিকু বিদিকু জায়াদি চতুক্ষোণেরু।। ১ ।। বদলমিতি। দক্ষিণদিয়ার্ভিদলং জাতি গোপনীয়ং ।। ২ ।। যোগীতি। প্রাথমদলং বিতীয়-দলক জাতি গোপনীয়ং শ্বনি প্রধানে রুপি দুস্পাস্থানিতার্কঃ।। ৩ ।। পুর্শ্বে- পূর্বেদলং তৃতীয়ঞ্চ তত্ত্র কেশী নিপাতিতা।
গঙ্গাদি সর্বতীর্থঞ্চ তদ্দলে সদানুণং সদা। ৪।
চতুর্থ দল নৈশান্যাং সিদ্ধা পীঠেপ্সিত প্রদং।
কাত্যায়ন্য চর্চনাদ্যোগী যত্ত্র লেভে পতিংহরিং৫
বস্ত্রালন্ধার হরণং তদ্দলে সমুদাহ্বতং।
উত্তরে পঞ্চনং প্রোক্তং দলং সর্ব দলোত্তমং।

ভাষা ৷

পূর্ব্ব দিপ্বর্ত্তি তৃতীয়দলে কেশীনামে অস্কর নিপতিত ইইয়াছে। এবং গঙ্গাদি নিখিল তীর্থ ঐ দলে বিদ্যমান আছে।।৪॥

ঈশানকোণে যে দল তাহা চতুর্থ এই দল সর্ব্বাভীপ্ত ফলপ্রদ।
গোপীগণ এইদলে কাত্যায়নীর অর্চনা করিয়া হরিকে পতি
কপে লাভ করিয়াছিল।। ৫॥

উত্তরে পঞ্চমদল ইহা সর্বদল শ্রেষ্ঠ এই দলে কৃষ্ণ গোপী-গণের বস্ত্রালঙ্কার হরণ করিয়াছেন।। ৬।।

অম্ভার্থঃ।

তি। পূর্কবিঘার্ত তৃতীয়দলে গন্ধানি সর্কতীর্থং সদা বিরাজত ইতিভাবঃ।৪
চতুর্থেতি প্রশান্যাং চতুর্থদলং সিদ্ধক্ষেত্র মভিলষিত প্রাদক্ষেতি। যত্ত্রদলে
গোপী কাত্যায়নী মর্চয়িত্বা হরিং পতিং লেভে।। ৫।। বক্ষেতি। চতুর্প্রদলএব কৃষ্ণঃ গোপীনাং বক্ষালকারাদি জহার। উত্তরে পঞ্চাং দলং
সর্কবিল শ্রেষ্ঠমিত্যুর্থঃ।। ৬।। ব্রেডি যত্র পঞ্চাদলে ছাদ্শাদিত্যা ভিষ্ঠ-

যত্রৈব দাদশাদিত্যা দলঞ্চ কর্ণিকা সমং।
বায়ব্যান্ত দলং ষষ্ঠং ভদ্রকালী ভূদঃ স্মৃতঃ ।।৭।।
দলোত্তমোত্তমং দেবি প্রধানং দল মৃচ্যতে।
সর্বোত্তমং দলশ্রেষ্ঠং পশ্চিমে সপ্তমং দলং ।৮।
যক্ত পত্নীগণানাঞ্চ যদীপ্সিত বরপ্রদং।
অয়াস্করোপি নির্বাণং লেভে যত্র দলে প্রিয়ে।>

ভাষা ৷

বায়ুকোনে যে দল তাহা ষষ্ঠ, সর্ক্রদল প্রধান এই দলে দা-দশাদিত্য বিদ্যমান আছেন, ইহা কর্নিকা তুল্য এবং ইহাকে কালীব্রদ বলে॥ ৭॥

পশ্চিমদিকে যে দল তাহা সপ্তমদল এই দল অতি প্রধান ও সর্মদলোত্তম।। ৮।।

এই দলে যক্ত পত্নীগণ অভীষ্ঠ লাভ করিয়াছিল এবং অস্বা-স্থ্য মুক্তিপদ প্রাপ্ত হয়।। ১॥

অন্তার্থ।

ব্রন্ধণো গোহনং তত্র দলং ব্রন্ধ হুদাবধি।
নৈখত্যাস্ত্র দলং প্রোক্ত মন্টমং ব্যোমঘাতনং ১০
শঙ্খচূড়বধ স্তত্র নানাকেলি রসস্থলং।
এতদন্ট দলং ভদ্রে বৃন্দারণ্যান্তর স্থিতং।। ১১।।
শ্রীমদৃন্দাবনং রম্যং য্যুনায়াঃ প্রদক্ষিণং।
অধিষ্ঠাতা তত্র শস্ত্র লি স্কং গোপীশ্বরাভিধং ২২

ভাষা ৷

নৈর্মাতদিকে অপ্তমদল আছে ইহা ব্রহ্মমোহনকারী ও ব্রহ্ম ব্রদাবধি বিস্তৃত ॥ ১০ !।

এই দলে শশ্বচূড় বধ হইয়াছিল ও নানাপ্রকার রসকেলি সম্পাদিত হইত। বৃন্দাবন মধ্যে এই অপ্রদল বিদ্যমান আছে॥ ১১॥

অতি রমণীয় জ্ঞীমদ্বলাবন ধাম যমুনার মধ্যগত। গোপী-শ্বর নামে শিব লিঙ্গ ইহার অধীশ্বর।। ১২।।

অন্তার্থঃ।

यमचैनमल र ज्युक्तरमाञ्चर अक्त इमारिधि विखीर्व मिणुर्थः ।। ১० ।। भारकर-जि । चारेजव मत्न भाक्ष्यपूर्वास्त्र वधः । এउम्मल र कृत्यांचन मध्य श्राप्त नाना-द्रमञ्जल मिणुर्थः ।। ১১ ।। औमिषि । औग वृत्यांचन मिण्द्रमनी स्र उन्हां-विश्रोण শুজু (প্रीभी खार्था) लिक्न तर्गन चित्रोक्र ए ।। ১২ ।। एपिणि । এउ তদ্বাহ্যে যোড়শদলে মাহাত্ম্য ক্রম ঈর্য্যতে। নৈখত্যাদি ক্রমাৎপ্রোক্তং প্রাদক্ষিণ্যং যথাতথা। ।। ১৩।।

মহৎপদং মহদ্ধাম প্রধানং ভদ্র ষোড়শ।
প্রথমঞ্চ দলং শ্রেষ্ঠং মাহাত্মাং কর্নিকা সমং 1>৪
তদ্দলে মধুবনং প্রোক্তং তত্র প্রাদুরভূদ্ধরিঃ।
আদ্যং কেশর মাপূজ্যং ত্রিগুণাতীত মীশ্বরং১৫

ভাষা ৷

এই অষ্টদলের বহির্ভাগে যোড়শ দল আছে তাহার মায়া অতি আশ্চর্যা। নৈর্শ্বতাদি ক্রমে এই যোড়শদল আছে। ১৩।

এই ষোড়শদলের প্রথমদল মহৎপদ ও মহদ্ধাম এবং কর্নিকা সম।। ১৪।।

এই দলে মধুবন আছে এবং এখানেই হরি আবিভূতি হইয়া ছিলেন। আদ্য কেশর সকলের পূজ্য ও ত্রিগুণাতীত ঈশ্বর স্বৰূপ।। ১৫।।

অন্তার্থঃ।

 চতুত্ব জং মহাবিষ্ণুং সর্ব কারণ কারণং।
অধিষ্ঠিতং দেব দেবং সর্বশ্রেষ্ঠ দলোত্তমে।১৬।
যত্র ক্ষেত্রপতি দেবাে ভূতেশ্বর উমাপতিঃ।
দলং দিতীয় মাখ্যাতং কিঞ্চিলীলা রসস্থলং।১৭।
খদিরঞ্চেতি তত্রৈব দলঞ্চ সমুদাহ্বতং।
সর্বশ্রেষ্ঠ দলং প্রোক্তং মাহাত্মাংকর্ণিকা সমং১৮

ভাষা ৷

সর্ব্ধপ্রধান দলোভামে সর্ব্ধকারণ দেব দেব চতুর্কান্থ মহা-বিষ্ণু অধিষ্ঠিত আছেন।। ১৬।।

যেই ক্ষেত্রের অধিপতি ভূতেশ্বর উমাপতি মহাদেব। বি-খ্যাত দ্বিতীয় দল লীলা রসস্থল।। ১৭।।

এই দলেতে খদিরবনে ঐকৃষ্ণ নানাবিধ রসকেলি করি-ভেন। এই দল সর্ববিধান ইহার মাহাত্যা কর্নিকা সম। ১৮।।

অস্থাৰ্থঃ |

মিতি। সক্ষকারণং জগদীজং। অধিটিতং আদীনমিত্যর্থঃ। সর্কাশেন্ত দলোত্তমে প্রধানমলে।। ২৬ ।। যত্ত্তেতি। যত্ত্তলে উমাপতিঃ শিবঃ অধীশ্বরঃ লীলারসম্থানং ক্রীড়া ক্রৌডুকাগার মিত্যর্থঃ।। ১৭ ।। অদি-ব্রেডি। তত্ত্বৈব দিতীয়দলে অদির বনমাসীদিভিভাবঃ। কর্বিকা সমং কর্বিকা তুল্য মাহাজ্যাং।। ১৮ ।। তত্ত্তি। দিতীয়দলে গোবর্জন পর্কাতে

তত্র গোবর্দ্ধন গিরৌ নিত্যং রম্য ফলাদিকং।
দলং তৃতীয়কং ভদ্রে সর্বশ্রেষ্ঠোত্তমোত্তমং।১৯
হরি র্যস্য পতিঃ সাক্ষাদ গোবর্দ্ধন মহীভূতঃ।
চতুর্থং দলমাখ্যাতং মহাজুত রসস্থলং।। ২০।।
কদম ভাণ্ডী তত্ত্রৈব পূর্ণানন্দ রসাশ্রমঃ।
স্মিগ্ধং হাদ্যং প্রিয়ং রম্যং দলঞ্চ সমুদাহতং।২১

ভাষা

এই দলমধ্যে গোবর্জন পর্বতে হরি নিতা রম্য ফলাদি ভোগ করেন। হে স্থন্দরি ভৃতীয়দল সর্ব্বপ্রধান ও শর্কো-তুম।। ১৯।।

বিখ্যাত চতুর্থদল রহস্থ রসকেলি স্থান। গোবর্দ্ধনধারী হরি যাহার সাক্ষাৎ অধিপতি॥ ২০॥

পঞ্চমদলে কদম্ব ভাগুীর প্রভৃতি পূর্ণানন্দ রসাশ্রয় বিবিধ কৃষ্ণকেলি বন বিদ্যমান আছে; এই স্থান অতি সিন্ধা, মনো-

অস্থাৰ্থঃ।

वस्छतः त्रमायल मखोछि। ज्छोग्नः मर्सास्थे ।। १३।। विति छि।
८भावर्षनथात्री वृति र्यमाधीयतः। ठजूर्यमल माण्यर्धा तमस्थानः।। २०।।
कस्ट्रंबिछ। छटेळव ठजूर्यम् त कमस्यनः स्राधोत्रवमस्थि। सिक्षः स्थानि
छलः स्मृतः महनात्रमः।। २১।। मस्योग्यत्रमिछ। नस्योग्यतंस्थि शक्य-

নন্দীশ্বং দলশ্রেষ্ঠং তত্র নন্দালয়ং প্রিয়ে।
কর্নিকা সম মাহাত্মাং পঞ্চমং দলমুচ্যতে ॥২২॥
তদ্ধিষ্ঠাতৃ গোপালো ধেমুপালন তৎপরঃ।
দলং ষষ্ঠং যদ ক্ষোভং তত্র বৃন্দাবনং স্মৃতং ২৩
সপ্তমং বহুনা রম্যং দলং রম্যং প্রকীর্ত্তিহং।
দলাকীমং তালবনং তত্র ধেমু বধঃ স্মৃতঃ ॥২৪॥

ভাষা ৷

হর ও প্রিয়তর; ইহার বিশেষ নাম নন্দীশ্বর দল এখানে নন্দরাজের ভবন ইহার মাহাত্যু কর্নিকা তুল্য ।। ২১ ।। ২২ ।। ষষ্ঠদল নির্ভয় স্থান তাহাতে বৃন্দাবন বিদ্যমান আছে; ইহার অধিপতি ধেমুপালন তৎপর গোপালরূপী স্বয়ং হরি ।২৩। সপ্তমদল অতি রম্য ও সর্বপ্রধান কীর্ত্তিত আছে। অপ্তমদল কৃষ্ণ ক্রীড়া রসস্থান এবং এখানে ধেমু নামক অস্তরের বিনাশ হইয়াছিল ।। ২৪ ।।

অস্থার্থঃ।

দলে নন্দালয় মাদীদিত্যর্থঃ। অস্যাপি মাহাত্ম্যং কর্নিকা সময়িত। ২২।
তদিতি। ধেনুপালন তৎপরঃ গোচারণ নিরতঃ। গোপালরপী হরিঃ
ষঠদলস্যাধিপতি রিত্যর্থঃ। অত্তরে দলে ফুদাবন মন্তীতিভাবঃ।। ২৩।।
সপ্তমমিতি। সপ্তমদল মতি মনোহরং। অফৌমদলে তালবন মাদী-

নবমং কুমুদারণ্যং দলং রম্যং শুচিস্মিতে।
কাম্যারণ্যং দলং হৃদ্যং প্রধানং সর্বকারণং।২৫
ব্রহ্মস্থানং দলং তত্র বিষ্ণু বৃন্দ সমস্বিতং।
ক্ষক্রীড়া রসস্থানং দশমং দলমুচ্যতে।। ২৬।।
দলমেকাদশং প্রোক্তং ভক্তামুগ্রহ কারণং।
সেতুবন্ধস্য নির্মাণং নানারত্ন রসস্থলং।। ২৭।।

ভাষা ৷

নবমদলে কুমুদবন আছে ইহা অতি রমণীয় স্থান এবং এখা-নেই কাম্যবন বিদ্যমান রহিয়াছে। এই দল অতি মনোহর ও সর্বকারণ॥২৫॥

দশমদল ব্রহ্মস্থান এই দলে বিষ্ণু বিবিধন্ধপে বিরাজ করি-তেছেন। এবং ইহাকেই কৃষ্ণক্রীড়া রসস্থান বলে॥ ২৬॥

একাদশদল ভক্তবৃদ্দের বাঞ্চা পূর্ণ করে। এখানে সেতুবন্ধ নির্মিত হইয়াছিল এবং কৃষ্ণ নানার্কপ রসকেলি করিয়া থা-কেন। ২৭।।

অস্থার্থঃ।

দিতি।। ২৪।। নবমনিতি। নবমদলে কুমুদ্বনং কাম্যবনকোতে। ছদ্যং
মনোহরং। সর্কারণং সর্কহেতু ভূতমিতি।। ২৫।। ব্রক্ষেতি। দশমদলং ব্রক্ষানং অত্রৈব দলে বিষ্ণু শ্বছবিধং রসক্রীড়াং চকারেতি। ২৬।
দসমিতি। একাদশদলে হরিভক্ত মনোরথং পুরয়ামান নেতুবজাদিকং
নানারসক্রীড়াং চকারেতি।। ২৭।। ভাতীরেতি। যদ্ভীরবনং ওদেব

ভাতীরং দাদশদলং বনং রম্যং ননোহরং।

ক্ষঃ ক্রীড়ারস স্তত্র কুসুমাদি সহায়তঃ। ২৮।

ত্রমোদশ দলং শ্রেষ্ঠং তত্র ভদ্রবনং স্মৃতং।

চতুর্দশ দলং প্রোক্তং সর্ব সিদ্ধিপ্রদং স্থলং।২৯

শ্রীবনং তত্র রুচিরং সর্বৈশ্বর্যস্য কারণং।

ক্ষণ্ণীলাম্য দলং শ্রীকান্তি কীর্ত্তিবর্দ্ধনং।৩০।

ज्ञामा ।

দ্বাদশদলে ভাগ্রীর ন আছে ইহা অতি রমণীয় স্থান এবং
কৃষ্ণ এখানে নানাবিধ কুস্থম সহায়ে রসকেলি করেন।। ২৮।।

ত্রয়োদশদল সর্ব্ধপ্রেষ্ঠ তাহাতে ভদ্রবন আছে। চতুর্দ্দশদল সর্ব্ব সিদ্ধিপ্রদ বলিয়া বর্ণিত আছে॥ ২৯॥

পঞ্চদশদলে অতি মনোহর সর্ব্ধ সম্পৎপ্রদ ঞ্জীবন আছে। ইহা কৃষ্ণলীলা রসময় স্থান এবং গ্রী, কান্তি ও কীর্ত্তিবর্দ্ধনকারী।

অম্বার্থঃ।

वानभावतः। अञ्च कृषः कुन्नभावि महारम्भ नानात्रमञ्जोषा मरकारमा-विष्ण्यः।। २৮ ।। जरमानभावि । जरमानभावतः स्वस्त्रनः। हर्ष्क्रभाव प्रवर्श्वतिविध्यवः।। २२ ।। आषि । उरेज्य हर्ष्क्रभावत्व आदम मिर मरनार्द्राः। आकास्त्राविक्रनः। मर्द्यमण्ये ध्यवसिष्ठि।। ७० ।। वन- দলং পঞ্চশং শেষ্ঠং তত্র নৌহরণং শুভং।
কথিতং ষোড়শ দলং মাহান্মাং কর্নিকা সমং৩৯
মহাবনং দলং প্রোক্তং তত্রাস্তে শুন্থ মুত্তমং।
বাল্যক্রীড়া রসস্তত্র বৎসবালৈঃ সমাবৃতঃ।৩২।
পূতনাদি বধ স্তত্র যমলার্জুন ভঞ্জনং।
অধিষ্ঠাতা তত্রবালো গোপালঃ পঞ্চমান্দিকঃ ৩৩

ভাষা |

এই দলে কৃষ্ণ নৌকাহরণ কেলি করিয়াছেন। সোড়শদল সর্ব্ধপ্রধান ইহার মাহাত্য্য কর্ণিকা তুল্য।। ৩০।। ৩১।।

এই দলেতে মহাবন নামে বন আছে, এখানে কৃষ্ণ গুহা-ক্রীড়া করিতেন। এবং বং স বালকগণের সহিত বাল্যক্রীড়া এখানেই হইত॥ ৩২॥

গোপাল পঞ্চমবর্ষ পর্য্যন্ত এখানে থাকিয়া পুত্রনাও যমলা-জুনি নামে অস্থ্র বিনাশ করেন।। ৩০।।

অস্থার্থঃ।

মিতি। প্রদেশদলং শ্রেষ্ঠং তত্র প্রদেশদলে নৌকাহরণাদি ক্রীড়ারসঃ।
ধোদশদলং কর্নিকা সম্মাহাত্মাসিতি।। ৩১ ।। মহেতি। জাত্র দলে
কুষ্ণঃ বংলৈ ক্রিলেশ্চ মিলিডঃ সন্ জাতি গুরুং বাল্যক্রীড়া রস মুপাগতঃ
ইতিভাবঃ।। ৩২ ।। পূজনেতি। জাত্রৈব দলে প্র্যাধিকে। বাল গোপালঃ
পূত্রবিধং যনলাজুনি বধ মকরোদিতি ভাবঃ।। ৩২ ৷৷ নামেতি নামা

নামাদানোদরঃ প্রোক্তঃ প্রেমানন্দ রসার্ণবঃ। প্রসিদ্ধ দলমাখ্যাতং সর্বশ্রেষ্ঠ দলোত্তমং।।৩৪।। কৃষ্ণক্রীড়া রস স্তত্ত বিহার দলমূচ্যতে। সিদ্ধি প্রধান কিঞ্জন্ধং বনঞ্চ সমুদাহতং।।৩৫।।

শ্ৰীপাৰ্কত্যুবাচ।

বৃন্দাবন্স্য মাহত্ম্যং রহস্যং বা কিমদ্ভুতং। রসং প্রেম্তথানন্দং সর্বংমে কথয় প্রভো ৷৩৬॥

ভাষা |

হরি দামোদর নামে প্রেমানন্দ রসাস্বাদে নিয়ত ছিলেন। এই বিখ্যাত দল সর্বভার্ত ও সর্ব্বোত্তম ॥ ৩৪॥

এইদলে নিয়ত কৃষ্ণ ক্রীড়া হয় এই জন্ম ইহাকে বিহার দল বলে। এইদল কেশর সর্ব্ধ সিদ্ধিদাতা ক্রপে বর্ণিত।। ৩৫।।

পার্কতী পুনর্কার জিজ্ঞাস। করিতেছেন। বৃন্দাবনের আশ্চর্য মাহাত্যা ও প্রেমানন্দ রস আমার নিকট বাছ্ল্যরূপে বর্ণন কর।। ৩৬।।

অস্থাৰ্থঃ |

দামোদরঃ দামোদরাখ্যঃ প্রেমানকর্মার্নঃ প্রেমানক পুরঃ ।। ৩৪ ।।
কৃষ্ণেতি । তত্রদলে কৃষ্ণকীড়া রুমঃ কৃষ্ণঃ ক্রীড়া সুখ মুগজুক ইত্যর্থঃ ।
কিঞ্জাবৃলকঃ কেশরঃ ।। ৩৫ ।। শ্রীপার্কাত্যুবাচেতি । আছতং বৃক্ষাবন ।
মাহাত্যুং প্রেমার্ম মানক রুম্য নে কথ্যেতিভাবঃ ।। ৩৬ ।। যুক্তেতি ।

যত্র বৃন্দাদি পূলকৈঃ প্রেমানন্দাশ্রু বর্ষিতং।
কিং পূনশ্চেতনা যুক্তৈ বিস্তৃভক্তিঃ কি মুচ্যতে। ৩৭
কথিতংতে প্রিয়তমং গুহাদগুহুতমং প্রিয়ে।
রহস্যানাং রহস্যঞ্চ দুল্ল ভানাঞ্চ দুল্ল ভং ॥৩৮॥
ভারতে গোপিতং দেবি কেশপীঠং ননোহরং।
ব্রহ্মাদি বাঞ্জিতং স্থানং দেবগন্ধর্ব সেবিতং।৩৯

ভায় |

যেখানে ভফলতা প্রভৃতি অচেতন পদার্থও প্রেমানন্দাশ্রু বর্ষণ করে; সেখানে চেতনাযুক্ত মানবাদির আর কথা কি ? কৃষ্ণ ভক্তির কি অপার মহিমা॥ ৩৭॥

মহাদেব বলিতেছেন হে প্রিয়ে পার্ক্ষতি তোমার নিকট অতি ছল্লভ রহস্ত কথা বলিয়াছি॥ ৩৮॥

হে দেবি কেশপীঠ ভারতে অভি গোপনীয় স্থান। ব্রহ্মাদি দেবগণ সর্মাদা ইহা বাঞ্ছা করেন, এবং দেবগণ ও গন্ধর্মাগণ সদা সেবা করে॥ ৩৯॥

অস্থাৰ্থঃ |

যত্র কুলাবনে। প্রেমানকাশ্রু বর্ষিতং পাতিতং চেতনাবতাং যা বিস্মৃত্তি দা কিয়ুচ্ছত ।। ২৭ ।। কথিতেতি । তেতব প্রিয়তমং গোপনীয়ং দুর্লভং সুহস্যং কথিত নিত্যর্ধঃ ।। ৬৮ ।। ভারতেতি । ভারতে ভারতবর্ষে । এতৎ কেশ্পীহং কুলাবনং গোপনীয়ং। যথ পঠিং ব্রহ্মান্যোপি বাস্থিতি ।। ৬৯ ।। পঞ্চাশনাত্কাযুক্তং নিত্যানন্দময়ং প্রিয়ে।
যত্র কাত্যায়নী মায়া মহামায়া জগন্ময়ী !! ৪০ !!
কিমসাধ্যং নহেশানি পূজ্যা তত্র বরাননে।
লতাকন্দং মহেশানি বৃন্দেতি কথিতং প্রিয়ে 18১
লতাকন্দং মহেশানি স্বয়ং কাত্যায়নী পরা।
অতএব মহেশানি যোগেন্দ্রঃ পরিসংস্তৃতং 18২

ভাষা ৷

এই স্থান পঞ্চাশ ঝাতৃকাযুক্ত ও নিত্যানন্দ ধাম। ষেখানে
মহামায়া জগন্ময়ী কাত্যায়নী বিরাজমানা আছেন।। ৪০।।

এই কাত্যায়নী দেবীর আরাধনা করিলে কিছুই অসাধ্য

থাকেনা হে সহেশ্বরি বৃন্দা শব্দের অর্থ লতা ও কন্দ।। ৪১॥

হে মহেশানি বৃন্দাবনে কাত্যায়নী স্বয়ং লতাকন্দ ৰূপে অবতীনা হইয়াছেন। অতএব যোগিগল সদা স্তব করিয়া থাকে॥ ৪২॥

অস্থাৰ্থ ৷

পঞ্চতি। অকারাদি পঞ্চাশন্মাত্কাবর্ণ যুক্তং কেশপাঠং নিত্যানন্দময়ৎ
যত্র মহামায়া কাত্যায়নী বিরাজতে ।। १० ।। কিমিতি । তত্র বৃন্দাবনে
কাত্যায়নী পুজ্যাচেৎ ন কিমপ্য সাধ্যং স্যাদিতি । বৃন্দা শব্দেন লতাকন্দ
মভিধীয়তে ।। ৪১ ।। লতেতি । বৃন্দাবনস্থিতং যৎ লতাকন্দং তদেব
কাত্যায়নী অতএব সৃন্দাবনং যোগীকৈঃ সেব্যুতে ইও ভাবঃ ।। ৪২ ।।

অপ্সরোভিশ্চ গন্ধবৈ নৃ ত্য গীতং নিরন্তরং।
শ্রীমদৃন্দাবনং রম্যং পূর্ণানন্দ রসাশ্রয়ং।। ৪৩।।
ভূমি চিন্তামনিস্তোয়ং সততং রস পূরিতং।। ৪৪।।
বৃক্ষঃ স্থরক্রম স্তত্র স্থরতী বৃন্দ সেবিতং।
পূর্ণস্ত পরমেশানি পঞ্চাশ্র কলয়াযুতং।। ৪৫।।
আনন্দো যস্ত দেবেশি প্রকৃতিঃ পরমেশ্রী।
যা ভূমিঃ পরমেশানি সাতু পৃথী বরাননে।৪৬।
ভাষা।

ক্রীমদ্ব্দাবনধানে অপ্সর। ও গন্ধর্কগণ সদা নৃত্য গীত করিয়া থাকে। এখানে প্রেমানন্দ সাক্ষাৎ বিরাজমান আছে। বৃন্দাবন ভূমি চিন্তামণি স্বৰূপ, ও জল অমৃত রস পূর্ণ॥৪৩॥৪৪॥

বৃন্দাবনের বৃক্ষ সকল কল্প বৃক্ষ তুল্য নানাৰপ সৌগন্ধ পরিপূর্ণ। এবং বৃন্দাবন স্থান পঞ্চাশং কলাযুক্ত ও নিত্যানন্দ ধাম।। ৪৫।।

হে দেবেশি প্রকৃতি দেবী বৃন্দারনের মূর্ত্তিমান আনন্দ; বৃন্দাবন ভুমি স্বয়ং ভূতধাত্রী পৃথিবী॥ ৪৬॥

অস্থার্থঃ।

অপার ইতি। অপারো গন্ধবাদিভি মুত্য গীত পূর্বং বৃন্দাবনং নিত্য স্থাভায় নিত্যর্থঃ।। ১০ ।। ভূমীতি। ভূমি বুন্দাবন ভূমিশিচভামিণি রভিলয়িত ফলপ্রদঃ। তোয়ং জলং রস পূরিতং সর্বারুষ পূর্বমিত্যর্থঃ।।১৪।। বৃন্দাইতি। বৃন্দাং বৃন্দাবন বৃন্দাঃ স্করজনঃ কংপাবৃন্দাঃ। পঞ্চাশাৎ কল্মা পঞ্চাশা স্মাতৃকা বর্ণরপয়।। ৪৫ ।। আনিন্দ ইতি। যা গলিনী সা এব আনন্দ ময়ীতি। যা ভূমিঃ সাএব পৃথিবী। ব্রাননে ইতি পার্কাতী সংখ্যানং।৪৬ তোয়ং রসং বরারোহে স্বয়ং প্রকৃতিরুত্তনা।
দ্রুনস্ত প্রকৃতির্দ্ধায়া তরুভিশ্চণ্ডিকা স্বয়ং 118911
স্ত্রীলক্ষীঃ পুরুষোবিষ্ণুস্তদ্দশাংশ সমুদ্ধবঃ।
বিষ্ণুস্ত পর্মেশানি জ্যেষ্ঠা শক্তি রিতীরিতা 18৮1
অংশাস্ত পরমেশানি কলা প্রকৃতিরূপিনী।
বয়ঃ কৈশোরকং তত্র নিত্যনানন্দ বিগ্রহং 118৯1

ভাষা ৷

হে স্থন্দরি বৃন্দাবন জল অমৃত স্বরূপ। বৃন্দাবন বৃক্ষ সকল মায়াময় প্রকৃতিরূপা স্বয়ং চণ্ডিকা॥ ৪৭॥

বৃন্দাবন স্ত্রীগণ স্বয়ং লক্ষ্মী। পুৰুষগণ সকলই বিষ্ণুর অংশ। এবং ভগবান বিষ্ণু আদ্যাশক্তি॥ ৪৮॥

হে ঈশানি বিষ্ণুর অংশ হইতে প্রকৃতির উদ্ভব হয়। কৃষ্ণের বাল্য কৈশোর প্রভৃতি বর্ষ মূর্ত্তিমান আনন্দ স্বৰূপ।। ৪৯॥

অস্থার্থঃ।

তোয়মিতি । যদ্রসং তদেবতোয়ং প্রকৃতিরপা নায়াময়ী চণ্ডিকা ক্রমরপেণাবতীর্ন।। ৪৭ ।। জ্বীতি। বৃন্দাবন ক্রিয়ো লক্ষারপাঃ। বিষ্ণোরংশাঃ পুরুষাঃ। ক্রেষ্টাশক্তি রাল্যাশক্তি রিত্যর্থঃ।। ৪৮ ।। অংশাইতি। জাংশা বিষ্ণোরংশা বাল্যকৈশোবাদিকং যদম তাৎ সকল মেব নিত্যানন্দ বিগ্রাহ মিত্যর্থঃ।। ৪৯ ।। গতিরিতি । গতিঃ স্বাভাবিক গমনমেব নাট্যং মৃত্যং কথা আলাগ্রাব গানং। নির্ভারং স্ট্রাব হাস্য

গতিনাট্যং কথা গানং স্মিতবক্তৃং নিরন্তরং।
শুদ্ধদারিঃ প্রেমপূর্ণং মানবৈ স্তদ্ধনাশূরৈঃ ।।৫।।
পুনর্কু মুথে মগং ক্ষুর মূর্ত্তিত তময়ং।
গত্যাদি স্মিতবক্ত্রান্তং শুদ্ধসন্তাদিকঞ্চ ঘণ।
তৎসর্বং কুরুতে কাগং সততং কমলেক্ষণে ।।৫১।
যতুকোকিল ভূঙ্গাদ্যাঃ কুজৎ কলং মনোহরং।
কপোত শুক সঙ্গীত মুম্মক্রানি সহসূকং।
ভূজঙ্গ শক্ত নৃত্যাচ্যং সকাস্তানোদ বিভ্রমং।৫২

গ্রীকৃষ্ণের গমনে নৃত্য দর্শন হয় কথা প্রবাদ গান প্রবাদ হইয়া থাকে। তাঁহার বক্তু সর্কাদাই মধুর হাস্তা পূর্ণ। বৃদ্দাবন বাসি মানবগণ তাহার বদন সদা প্রেমপূর্ণ অবলোকন করে।৫০।

শ্রীকৃষ্ণের মুখ কমলে সতত পূর্ণব্রেকার আভা ক্ষুরিত হয়। তাহার গতি, কথা ও হাস্থাবদন সর্কাশ শুদ্ধ সন্থারময়। তাহার কপ অনুপ্র ॥ ৫১॥

কোকিল, ভূল ও শুক প্রাভৃতি যে মধুর সঙ্গীত করে ভাহারাও কৃষ্ণ মুখ নির্গত বাক্যে উন্মন্ত হয়। এবং ভূজঙ্গ নক্র প্রভৃতি হিংস্র জন্ত ও কৃষ্ণ ৰূপে মোহিত হয়॥ ৫২॥

অস্থার্থঃ।

পূর্বং বদন নিত্যর্থঃ । তদন বাসিনো মানবাঃ প্রেমপূর্ণাঃ ।।৫০।। পুনরিতি।
ক্ষরনা বিত তনামং ব্রহ্মনায় মূর্ত্তিঃ প্রকাশিতেত্যর্থঃ। গত্যাদি গনন
কথনং স্মিত বজুং নহাদ্যবদনং এজং নকলনেব ব্রহ্মণা কপ্রিত্যর্থঃ।৫১
মন্ত্রি। কুলাং প্রিনাদঃ কলং ক্ষর্ত্ত মধুরং ক্ষনাং সুধ শ্বুংখাদিকঞ্

নানাবলৈ কুমুনৈ স্তদ্ধনং পরিপুরিতং।
মুখং দুঃখং মহেশানি প্রকৃতিঃ পরমেশ্বরী।।৫৩।
কোকিলাদ্যাশ্চ ষা প্রোক্তা মধূনি কুমুমান্তকাঃ।
তাঃ সর্বাঃ পরমেশানি প্রকৃতিঃ পরমেশ্বরী।
অতএব মহেশানি ব্রহ্মণঃ কারণং শিবা।। ৫৪।।
মন্দ মারুত সংযুক্তং বসন্তবাত সংযুতং।
পূর্ণেন্দুনিত্যাভ্যুদয়ং সূর্য্য মন্দাংশু সেবিতং।৫৫

নানাবিধ বর্ণ কুস্থম সকল বৃন্দাবন পূর্ণ করিয়াছে। স্থ্য ও ষ্টঃখ স্বয়ং প্রকৃতি ॥ ৫৩॥

ভাষা ৷

বসন্তকালে কোকিল প্রভৃতি যে মন্ত হইয়া গান করে ভাহাও প্রকৃতি। হে মহেশ্বরি! অতএব প্রকৃতি ব্রহেশর ও কারণ।। ৫৪।।

বৃন্দাবনে সদা কাল মন্দ বসস্ত বায়ু বহিতেছে। পূর্ণচন্দ্র সর্মদা উদিত আছেন এবং সূর্যাদেব মন্দ কিরণে বৃন্দাবন সেবা করিতেছেন।। ৫৫॥

্ অস্থার্থঃ।

দকলমেব প্রকৃতি রিত্যর্থঃ ।। ৫২।। নানেতি। নানাবর্টন্থ কুসুমৈ ভরক্ষাবনং পূরিত মিত্যর্থঃ ।। ৫০ ।। কোকিলা ইতি। কোকিলাদ্যা বৃন্ধাবন রিহলাঃ দমন্তাএব স্বয়ং প্রকৃতি রিত্যর্থঃ। প্রকৃতে র্জাপংস্করপত্বাৎ ব্রহ্মনঃ কারণ নিত্যর্থঃ ।। ৫৪ ।। মন্দেতি। ইমৎ প্রন হিল্লোলযুতং বদস্ত বাত পুর্ক। দুদ্রে পূর্বেশ্বক্ষদেতি সুর্যোদন্ধং যথা ওপতি বৃন্ধাবন মিত্যর্থঃ ৫৫

অদুঃখং লোক বিচ্ছেদ জরা মরণ বর্জিতং।
অক্রোধং গত মাৎসর্য্য মভিন্নং নিরহঙ্কৃতং ।৫৬
পূর্ণানন্দামৃত রসং পূর্ণ প্রেম স্প্রধার্ণবং।
গুণাতীতং মহদ্ধাম পুরিতং পূর্ণশক্তিভিঃ।
গুছাদ্ গুছতমং গৃঢ়ং মধ্য বৃন্দাবনস্থিতং ।।৫৭।।
গোবিন্দাব্দির রজঃ স্পশান্নিত্যং বৃন্দাবনং ভুবি।
ষস্য স্পর্শন মাত্রেণ পৃথী ধন্যাচ ভারতে ।৫৮।

বৃন্দাবনে কাহারও ছঃখ নাই বিচ্ছেদ নাই এবং জরা মরণও নাই। এবং ্ক্রোধ নাই মন্ততা নাই সকলেই অভিন্নহৃদ্য় ও অহস্কার শূন্য।। ৫৬॥

বৃন্দাবন পূর্ণানন্দ অমৃত রস স্থান ও পূর্ণ প্রেমার্ণব স্বরূপ ত্রিগুণাতীত মহদ্ধাম সন্ধ্রশক্তি পূর্ণ। এই স্থান অতি গোপ-নীয়॥ ৫৭॥

বৃন্দাবন ভূমি জ্রীকৃষ্ণ পদ রক্ত স্পর্দো সর্বদা পবিত্র। যাহার স্পর্দো পৃথিবী মধ্যে ভারত বর্ষ ধন্য হইয়াছে।। ৫৮॥

অস্থার্থঃ।

বৃন্ধাবনে দুঃখং জরামরণাদিকং নাস্তি ক্রোধ মাৎমর্যাদিক মপিতথা।
আভিম মপৃথাড়াবঃ নির্ভক্ত মহস্কার শূন্যমিত্যর্থঃ।। ৫৬ ।। পূর্বেতি
বৃন্ধাবনং পূর্বানন্দ রসাম্পদং প্রেমায়ত সাগরস্বরূপং সর্ব্ধ শক্তিভিঃ পরি
পূর্বমতি গোপনীয় মিত্যর্থঃ।। ৫৭ ।। গ্যোবিন্দেতি যস্য পাদ রক্ষম্পেশাৎ
পৃথিবী ধন্যাভবতি তদেগাবিন্দ পাদরজঃ স্পর্শেনং বৃদ্ধাবনে সাইদ্ব সম্ভব-

মহাকল্প তরু চ্ছায় গোবিন্দ স্থান মব্যয়ং। মুক্তি স্তদ্ধন সংস্পর্শা মাহাত্ম্যাদ্ধি বিমুতে। তত্মাৎ সর্বাত্মনা দেবি হুদিস্থং কুরু তদ্ধনং।৫৯৷

ইতি বাস্তুদেব রহস্যে রাধাতন্ত্রে দাদশঃ পটলঃ ।

ভাষা ৷

বৃন্দাবন গোবিন্দের বসতি স্থান কল্পজ্ম ছ্যায়া অতি
মনোহর। বৃন্দাবন স্পর্শে মুক্তিলাভ হয় ইহার মাহাত্য্যে
লোক মায়া বিমুক্ত হইয়া থাকে। হে দেবি এই বৃন্দাবন স্থানকে
সদা হৃদয়ে রাখ।। ৫৯।।

ইতি দাদশঃ পঠলঃ।

সম্ভাৰ্থঃ !

তীতি ভাবঃ।। ৫৮ ।। মহেতি গোবিক স্থানং সুকাবনং মহাকপ্ষক্ষ ছায়া শীতলং। বৃন্ধাবন সংস্পাদেব সুক্তিভ্ৰতি মাহাক্সাদ্দাবন মাহাক্সাৎ বিষুচ্যতে নায়াবিদ্হিন্নভ্ৰতি ।। ৫৯ ।।

> ইতি এচলকুমার ভউচার্যকৃতে রাধাতক ব্যাখ্যানে ছাদশঃ পটলঃ।

এপাৰ্ব্বত্যুবাচ।

ষদি বৃন্দাবনং দেব জরা মরণং বজিতং।
অদুঃখ শোক বিচ্ছেদ মক্রোধং যদি শূলভূৎ।১।
তৎকথং পরমেশান পূতনা নিধনং গতা।
বৃষাস্থরশ্চ কেশীচ শঙ্ম দূতাদয়ো পরে।২।
তৎকথং পরমেশান ক্রফঃ ক্রোধ মবাপ্তবান্।
যদ্যেবং পরমেশান সততং ব্রজ মগুলং।। ৩।।

ভাষা ৷

পার্বতী জিজাসা করিতেছেন হে মহাদেব ! বৃন্দাবন স্থান যদি জরা মরণ বর্জ্জিত হয় ও তথাতে শোক ছঃখ, বিরহ ও ক্রোধাদি না থাকে। হে পরমেশ্বর ! তবে কেন পূতনা, বৃষা-স্থার, কেশী, শস্থাস্থরাদি দৈতাগণ বৃন্দাবনে নিধন প্রাপ্ত হইল॥ ১॥ ২॥

হে ঈশ্বর ক্রোধহীন বৃন্দাবনে কৃষ্ণের কেন ক্রোধ হইল। ব্রজমণ্ডল ক্রোধ রহিত ও সর্মশক্তিময়॥ ৩॥

অস্থার্থঃ।

প্রাপার্বজুবোচেতি। পার্বতী মহাদেবং পৃক্ষতি। যদি সৃন্ধাবনং জরামরণ শোকবিক্ষেদাদি রহিত নিতি। শূল ভূনিতি মহাদেব সংখাধনং।। ১ ।। তদিতি। হে পরমেশান তৎকর্থং পূতনা সুষাস্তরাদি নিধনং সুন্ধাবনে সম্ভবতীতি ভাবঃ।। ২ ।। তদিতি। কৃষ্ণং কথং বা কোধ পরো ভবতি। এবং উক্তরূপং জরামরণদি রহিতং।। ৩ ।।

সর্বা বাধানি নির্মাক্তৎ সর্ব শক্তিনয়ং সদা।
সর্বানন্দনয়ৎ দেব কেশ পীঠং ননোহরং।। ৪।।
তৎকথং পরমেশান উৎপাতং ব্রজ নওলে।
গোপীনাং পরমেশান কথং কামোদ্ভবঃ প্রভো।
ক্ষো বা দেবকী পুল্রঃ সদাকান যুতঃ কথং।।৫।
যমুনায়া মহাদেব জলঞ্চামৃত পুরিতং।
এতদ্ধি সংশয়ং ছিন্ধি মহাদেব দয়ানিধে।।৬।।

ভাষা।

হে মহাদেব কেশ পীঠ ব্রজধাম সর্ব্ধ শক্তিযুক্ত সর্বানন্দময় ও মনোহর এখানে কোন ৰূপ বিভ্রু সম্ভাবনা নাই।। ৪।।

হে পর্মেশ্বর! তবে বৃদ্ধবিনে বিবিধ উৎপাত হইল কেন; কেনই বা গোপীদিগের কামোদ্রব হইয়াছিল। এবং দেবকী পুত্র কৃষ্ণই বা কেন এত কামাতুর হইয়াছিলেন।। ৫।।

এবং যমুনার জল কেন অমৃত পূর্ণ হইয়াছিল হে দয়ানিধে ! আমার এই সকল সংশয় ছেদ কর।। ৬।।

অফার্থ ৷

সংক্তি। সকল বিশ্ব রহিতং সর্ক্ষ শক্তি ময়ক বৃন্দবিন মিত্যর্থ ।। ৪ ।। তদিতি। কে প্রমেশান শক্তো কথং ব্রজ মণ্ডলে উৎপতি মমজলং গোপীনাং কামোদ্ভব শচ কথমিতি ভাবঃ কুফো বা কামাতুর ইত্যর্থঃ ।।৫।। যদুনেতি। যদুনাজলং কথমমূত পূর্ণ মিত্যাদি সংশয়ং ছিন্ধি থণ্ডয়। দ্যানিধে ইতি মহাদেৱ সংখ্যিমং ।। ৪ ।। ঈশ্ব উবাচেতি। তে ভক্তে

এইশ্বর উবাচ।

সাধু প্রকং দ্বয়াভদ্রে রহস্যং পরমাজুতং।
রহস্যং শৃণু দেবেশি গুহাদ গুহুতমং পরং।
কার্যাঞ্চ কারণং দেবি জাগ্রদাদিয়ু বর্ত্তত।
জাগ্রৎ স্বপ্ন সূমুপ্রিঞ্চ তুরীয়ং পরমং পদং।।৮।
তুরীয়ং ব্রহ্ম নির্বাণং মহাবিষ্ণুঃ শুচিন্মিতে।
সদা জ্যোভির্ময়ং শুদ্ধং কার্য্য কারণ বর্জিতং।
>

ज म।

মহাদেব বলিতেছেন হে স্থন্দরি! তুমি অতি আশ্চর্য্য রহস্থা কথা জিজ্ঞাসা করিয়াছ। এই গুহাতম বিষয় আমি বলিতেছি শ্রবণ কর।। ৭।।

জাগ্রৎ স্বপ্ন ও স্বয়ুপ্তি প্রভৃতি অবস্থা প্রভেদে জগতের কার্য্য কারণ হইয়া থাকে। উক্ত অবস্থা সকল অচৈতন্তের কার্য্য।। ৮।।

অচৈতন্ত নাশ হইয়া বিশুদ্ধ জ্ঞানো হয় হইলেই লোক ব্রহ্ম নির্মাণ প্রাপ্ত হয়। যিনি ঈশ্বর তিনি জ্যোতির্মায় কার্য্য কারণ বর্জ্জিত ॥ ৯॥

অস্থার্থঃ।

নাধু শীলে জয়া নাধু প্রেইং মহান্ প্রশাং কৃতঃ। অতি গ্রপ্ত মন্তুত রহস্যং
শূলিতার্থঃ।। ৮।। কার্য্যেতি। কার্য্যং অবয়বী ভূতং কারণং হেজুঃ
কার্ত্রং স্থা স্থায়ুপ্তিমু সদৈব বর্ততে। তুরীয়ং উপস্থিত টেচতন্যন্যাবার
ভূত মনুপস্থিত টেচতন্যং।। ৮।। তুরীয়নিতি ব্রক্ষ নির্মাণং ব্রক্ষ নাক্ষাৎ
কারং। জ্যোতির্মাণ্য যথ তথ কার্য্য কারণ বর্জ্জিতং নিত্য নিত্যর্থং।।।।।।

নিরীহং নিশ্চলং দেবি সততং বিফুৰপখৃক।
বস্তুদেবোংপি দেবেশি বিফোরংশাত্মকঃ সদা>
ত্রিপুরায়াঃ প্রসাদেন পদ্মিনী সঙ্গমাগতঃ।
কৃষজ্বপং সমাপ্রিত্য বৃন্দাবন কুটীরকে।। ১১।।
কৃষিভূ বাচকঃ শব্দোণশ্চ নিবৃ তি বাচকঃ।
তয়োরেক্যং যদাযাতি শুদ্ধ সত্বাত্মকে। হরিঃ।১২

ভাষা ৷

হে দেবি ! ঈশ্বরের কোন চেষ্টা নাই গতি নাই। বিষ্ণু ৰূপধারী বস্থাদেব তনয় সত্ত্ব গুণান্বিত সাক্ষাৎ ঈশ্বর। ত্রিপুরা-দেবী প্রসাদে বৃন্দাবনে, কৃঞ্চ ৰূপ আগ্রয় করিয়া পাত্মনীর সহিত সঙ্গ করিয়াছেন ॥ ১০ ॥ ১১ ॥

কৃষ্ণ এই শব্দের বর্ণার্থ বলিতেছি। কৃষি শব্দে ভূমি বোধ হয় ও ণকার নিবৃত্তি বাচক এই উভয় যোগে কৃষ্ণ এই শব্দ হইয়াছে॥ ১২ ॥

অস্থার্থঃ।

নিরীহেতি বিষ্ণুরপধৃক যদুক্ষ তলিক্ষণং। বাস্তদেবো ব্রিফোরংশঃ
বিপুরা প্রসাদেন কৃষ্ণরপ মাশ্রিত্য বৃদ্ধাবন কুটারে পর্যিনী সৃদ্ধং প্রাপ্ত
ইত্যর্থ: ।। ১০ ।। ১১ ।। কৃষ্ণ শক্ষ্যার্থমাই কৃষ্ণিরিতি কৃষ্ণিক্ষে
দুবাচকঃ গ্রাহো নির্ভি বোধক ভয়োঃ কৃষ্ণিকারয়ো ইট্রক্যং কৃষ্ণ ইতি
পদং শুদ্ধ তন্ত্রপ্রণাত্ত্বঃ ।। ১২ ।। ত্রেতি। তত্র কৃষ্ণে বক্ষ শক্ষ বাচ্যং

তত্ত্বৈব সহসা দেবি ব্রহ্ম শব্দ ময়ং স্মৃতং।
ব্রহ্ম শব্দস্ত দেবেশি ক্ষণ্ড সত্ব গুণাশ্রয়ঃ ।।১৩।।
তুরীয়ং যদি দেবেশি প্রকৃত্যা সহ সঙ্গভং।
পুরুষঃ কৃট ৰূপস্ত কার্য্য কারণ বর্জিতঃ ।। ১৪।।
তত্মাত্র পুরুষো বিষ্ণুঃ সচ্চিদানন্দ বিগ্রহঃ।
প্রকৃতিঃ পরমেশানি কার্য্য কারণ বিগ্রহঃ ।।১৫।।

ভাগা।

হে দেবি ! সেই কৃষ্ণ পদাভিধ ব্যক্তিতেই ব্ৰহ্ম শব্দ প্ৰযুক্ত হয়। অতএব কৃষ্ণই স্বয়ং ব্ৰহ্ম॥ ১৩॥

হে দেবেশি! যখন ব্রহ্ম প্রকৃতি সহিত যুক্ত হন তথন তাহাকে কুটস্থ কার্য্য কার্ণ বিহীন পুৰুষ বলা যায়।। ১৪।।

অতএব সেই সচিচদানন্দ স্বৰূপ পুৰুষ বিষ্ণু স্বয়ং প্ৰকৃতি কাৰ্য্য কাৰণ ৰূপ ॥ ১৫॥

অস্থাৰ্থঃ ৷

মৎ তদেব কৃষ্ণঃ ইত্যর্থঃ ।। ১০ ।। তু,ীয়নি। মদা আনুবিশ্বিত চৈতন্যং প্রকৃষ্যানহ নিলিতং তদা কার্য্য কারণ বর্জিতঃ কৃটস্থঃ পুরুষ উচ্যতে ইত্যর্থঃ ।। ১৪ ।। তক্ষাদিতি । বিষ্ণু নিত্য জ্ঞানানক অরুপঃ প্রকৃতিঃ কার্য কারণ রুপেতি ।। ১৫ ।। নেতি । ঈশ্বরঃ শ্বয়ং কার্য্য কারণ বহিতঃ

ন কার্য্যং কারণং দেবি ঈশ্বরস্ত কদাচন।
প্রকৃত্যা সহযোগেন কার্য্য কারণ ঈশ্বরঃ ।।১৬)।
দুর্ষ্যেয়া পরমেশানি তব নায়া সনাতনী।
তব কেশোন্ডবা দেবি নিত্য ব্রজ পুরী সদা।১৭।
যদ্যদুক্তং মহেশানি কাম ক্রোধাদিকং প্রিয়ে।
তৎ সর্বং পরমেশানি প্রকৃতিঃ পরমেশ্বরী।।১৮)

ভাষা ।

হে দেবি ! ঈশ্বর স্বয়ং কখনও কার্য্য কারণ নহেন কিন্তু প্রাকৃতির সহযোগে কার্য্য ও কারণ উভয়ই তিনি॥ ১৬॥

হৈ পরমেশানি! মায়ার মায়া কেহ বুঝিতে পারে না। হে দেবি! ব্রজপুরী তোমার কেশ পীঠ হইতে উৎপন্ন হই-য়াছে॥ ২৭॥

হে প্রিয়ে! বৃন্দাবনে কামক্রোধাদির বিষয় যাহা পূর্কে জিজ্ঞাসা করিয়াছ ভাহা কেবল মায়াময়ী প্রকৃতির কার্যা। ১৮।।

অস্থার্থঃ।

কিন্ত প্রকৃত্যা সহযোগেন কার্য্য কার্নতা ভাগ্তবতীতি ভাবঃ।। ১৬।।
দুর্ম্যেতি দুর্ম্যো দুর্জেয়া জ্ঞাত্তমশক্ষ্যতি যাবং। সনাতনী নিত্যা।
তবকেশোদ্রবা বৃন্দাবনপুরী ক্রক্ষ নিকেতন মিত্যর্যঃ।। ১৭।। যদিতি।
বৃন্দাবন বাসিনাং কামজোধাদিকং যদ্যসূক্তং তৎ সর্কাং প্রকৃতে স্মাহাক্স্য মিত্যর্গঃ।। ১৮।। বাস্ক্রেগ্রি। হে লোলেচগলে। অংশমেধসি বাস্থদেবস্য ষজ্জন্ম শৃণু লোলেংল্পনেধসি।
তৎ সর্বং পরনেশানি বিদ্যা সিদ্ধেস্ত কারণং।১৯
যস্য যস্যচ দেবেশি বিদ্যা সিদ্ধিঃ প্রজায়তে।
তস্য তস্যচ দেবেশি দেবত্বং পরনেশ্বরি।। ২০।।
ভূলোকে পরনেশানি কেশপীঠে বরাননে।
কুলাচারস্য সিদ্ধ্যর্থং পদ্মিনী সঙ্গনাগতঃ।।২১।।
ইতি বাস্থদেব রহস্যে রাধাতত্ত্বে ত্রয়োদশ

পটলঃ । ভাষা।

আর বাস্তদেব যে জন্ম গ্রহণ করিয়াছেন কেবল বিদ্যা সিদ্ধাই ভাহার প্রধান উদ্দেশ্য ॥ ১৯॥

হে দেবি ! যাহার যাহার বিদ্যা সিদ্ধি হইয়াছে তাহারাই দেবত্ব লাভ করিতে পারিয়াছেন ॥ ২০॥

হে দেবি! কেবল কুলাচার দিদ্ধি কামনাতেই বাস্তদেব মর্ত্তালোকে জন্ম গ্রহণ করিয়া পদ্মিনী সঁস্থাপ্ত হইয়াছেন ॥২১॥ ইতি ত্রয়োদশ পটলঃ।

অস্থাৰ্থঃ।

দায়গনালোচিতৰতি । ৰাজ্যদেৱে বিদাদিক্যাথ্যেৰ জন্ম লেভে ইতিভাৰঃ : ১৯ । যদে,তি যো যো বিদ্যাদিকঃ সতৰ দেব ইত্যুৰ্থঃ ।২০। নলোকে ইতি। ন্লোকে পৃথিবয়াং। কেল্পীঠে কুন্দাৰনে । কুলাচার দিকিলাভাষ্যেৰ হাজ্যদেৱঃ প্থিনী সঙ্গং গত ইত্যুৰ্থঃ । ২১ ।

> ইতি প্রিচন্দ্রকুমার ভট্টাচার্য্য কৃতে রাধ;তক্ত ব্যাথ্যানে ত্রেয়াদশঃ পটলঃ :

≠ঈশ্ব উবাচ।

সহসূ পত্রে পদ্মস্য বৃন্দারণ্যং বরাটকং। অক্ষয়ং নিত্যনানন্দং গোবিন্দ স্থান মব্যয়ং। সতীকেশাৎ সমুদ্ভূতং পূর্ণ প্রেম স্কুখাশ্রয়ং ৷১৷ অন্যান্যেষ্ট স্থানেষু বাল্য পৌগণ্ড যৌবনং ৷ বৃন্দারণ্য বিহারেষু ক্লফ কৈশোর বিগ্রহং ॥২॥ কালিন্দী তরণানন্দি ভঙ্গ সৌরভ মোহিতং ৷ পদ্মেতি পলাদ্যৈঃ কুস্কুমৈ নানাবৰ্ণ সমুজ্জলং ৷৩

মহাদেব বলিতেছেন, সহস্রদল পদা মধ্যে বৃন্দাবন অভি প্রাসিদ্ধ স্থান। সভীর কেশ হইতে ইহার উৎপত্তি হইয়াছে এখানে সর্ফদা মৃর্ত্তিমান আনন্দ ও পূর্ণ প্রেমরসম্ভুখ বিদ্যুমান आर्ड।। ।।।

অন্যান্য স্থানে জ্রীহরির বাল্য পৌগণ্ডাদি কাল গত হইয়াছে বৃন্দাবনে হরি কৈশারাবস্থাতেই বিহার করিয়াছেন।। ২।।

গ্রীকৃষ্ণ কালিন্দীতরণে অতি আনন্দ অন্তত্তব করিতেন। যমুনা জল নানা সৌরভে আমোদিত ও পদ্ম উৎপল প্রভৃতি কুন্তমে শোভমান ছিল।। ৩।।

अस्मार्थः।

अथात खेतारहाउ । तुम्हारामः मञ्जानन शतामा नत् हिकः भक्तः। জ্ঞান-দংজ্ঞান-দময়ং। সভীকেশাৎ পাককিট চিকুরাৎ সমুদূত মুৎপল্ল মিত্যর্থঃ ।।:।। অনোতি। বৃদাবন ভিত্রে স্থানে কৃঞ্দ্য বাল্যাদিক সন্মঃ वृक्षांवन विशादिक रेक्टमांत मगरशाश्विदर्डेट ।। र ।। क: লিফ ি

চক্র বাকাদি বিহগৈ নানা মঞ্জু কলস্বনৈঃ।
শোভমানং জলং রম্যং অতীব স্থমনোহরং ।৪।
তস্যোভয় ভটীরম্যা শুদ্ধ কাঞ্চন নির্মিতা।
গঙ্গা কোটী গুণং পুণ্যং যত্রস্পর্শো বরাটকঃ।৫
কর্ণিকা মহিমা কিন্তু যত্র ক্রীড়া রতো হরিঃ।
কালিন্দী কর্ণিকা ক্রফনভিন্নমেক বিগ্রহং।।
বাজানীয়াৎ সবৈধন্যো দেবিতে কথিতং ময়া।

ভাষা

চক্র বাকাদি বিহগগণের মঞ্জুকল স্বনে পরিপূর্ণ কালিন্দী জল অতি মনোহর ও স্থানোভিত।। ৪।।

ষমুনার উভয় তটস্থ কাঞ্চন নির্ম্মিত, ও তাহার জলস্পর্শ গঙ্গাজল স্পর্শ হইতে কোটাগুণ পুণ্য প্রদ ॥ ৫॥

কৃষ্ণ ক্রীড়া স্থান ষমুনা কর্নিকা সম মাহাজ্যুবতী। কালিন্দী কর্নিকা ও কৃষ্ণ দেহ যে এক বলিয়া জানে সে এই মহীতলে ধন্য এই বাক্য আমি ভোমাকে বলিলাম।। ৬।।

অফ্যার্থঃ।

কৃষ্ণবিগ্রহং বিশিন্তি। কালিন্দী তরণানন্দি যম্নাপার কৌতকবং ।। ৩ ।। চক্রেতি। কালিন্দী জলং মঞ্জু কলস্বনৈ রব্যক্ত মধুরনদন্তিশ্চক্র বাকাদিতির্বিহুদৈঃ শোভমানা মিত্যর্থঃ ।। ৪ ।। তল্যেতি। উভয় তদি উভয়তীরং ।
ক্রুত্ত ক্ষিতি ভাবঃ ।। ৫ ।। কর্নিকেতি। যত্র কৃষ্ণঃ ক্রীড়ারত ভাতের
ক্রিকা নাহাত্মাং ।- কালিন্দী কর্নিক্রে । যত্র কৃষ্ণঃ ক্রীড়ারত ভাতের
ক্রিকা নাহাত্মাং ।- কালিন্দী কর্নিক্রে নাহাত্মাং যোজানীযাৎসধন্যঃ ।।

(मबावाठ।

দেবদেব মহাদেব রহস্যং বদ শক্ষর।
কঃ কৃষ্ণঃ পরমেশান কালিন্দীকা বৃষধ্বজ ॥१॥
কর্নিকাকা মহেশান বিস্তারাদ্দ শক্ষর।
এতত্ত্বং মহাদেব কৃপয়া কথ্য প্রভো॥ ৮॥
ক্ষর উবাচ।

কালিন্দী কালিকা সাক্ষাৎ ক্লফস্যান্থগ্ৰহায়বৈ। কুণ্ডলাকৃত্বি ৰূপেণ ব্ৰজং ব্যাপ্যহি ভিষ্ঠতি।।২।।

ভাষা ৷

পার্ক্ষতি জিজাসা করিতেছেন হে দেবদেব ! এই রহস্ত কথা আমার নিকট বল যে, কেবা কৃষ্ণ এবং কেইবা কালিন্দী।।৭॥ এবং কর্মিকাকে এই রহস্ত কথার যাথার্থ্য আমার নিকট সবিস্তর বর্ণন কর॥ ৮॥

মহাদেব বলিতেছেন স্বয়ং কালিকা দেবী কৃষ্ণামুগ্রছার্থ কালিন্দীরূপ ধারণ করিয়া কুগুলাকারে ব্রজধাম ব্যাপি আ-ছেন॥ ১॥

অস্থাৰ্থঃ |

।।৩।। দেব্যুবাচেতি কৃষ্ণঃ কঃ কালিন্দীচকা ইতি রহস্যং বদেত্যর্থঃ।। ৭ ।। কর্নিকা কা হে মহেশান এততত্ত্বং বিস্তরাদাহলেয়ন কথায়েতি ভাবঃ।। ৮ ।। ইশ্বর উবাচেতি কালিকা কালিকা দেবী আদ্যাশক্তি রিত্যর্থঃ। কুগুলাকৃতি রূপেণ মগুলাকারিছিত্যা।। ৯ ।। কৃষ্ণ ইতি। ক্ষস্ত পরমেশানি প্রকৃতিঃ পুরুষঃ সদা।
কর্ণিকা জগভাং মাতা মহামায়া জগন্ময়ী।।১।।
অতএব মহেশানি বিষ্ণুঃ ক্ষজ্ব মাগতঃ।
তক্ষাত্ত্ব কালিকা দেবি কালিকা পরমেশ্বরী।১১।
কর্ণিকা কুণ্ডলী নিত্যা ক্ষণঃ সত্য ময়ো হরিঃ।
ক্ষণ শব্দো মহেশানি নিবৃতিঃ সঙ্গ মাত্রতঃ।।
একত্বং জায়তে দেবি তদা ক্ষণ ইতি স্মৃতঃ।।১২।

ভাষা।

হে ঈশ্বরি ! কৃষ্ণ স্বয়ং প্রকৃতি পুক্ষাতাক ব্রহ্ম ; জগন্মাত। মহামায়া কর্মিকা রূপ ধারণ করিয়াছেন ॥ ১০॥

হে প্রমেশ্বরি এই হেতু বিষ্ণু কৃষ্ণক্রে অবতীর্ণ ইইয়াছেন। এবং কালিকা দেবী কালিন্দীরূপা ইইয়াছেন।। ১১।।

কর্নিকা কুলকুগুলিনী শক্তি, কৃষ্ণ সন্ত্য সয়, হে মহেশানি ! সংসার সঙ্গ নিবৃত্তি হইয়া যথন ঐক্য বোধ হয় তথন কৃষ্ণ শব্দের ভাবার্থ জানা যায়॥ ১২॥

অম্যার্থঃ।

হে মহেশানি কৃষ্ণঃ পুরুষঃ কালিকা প্রাকৃতি রিড্যগঁঃ।। ১০ ।। আড-এবেতি। অতএব প্রাকৃত্যনু রোধ তএব। কালিকা দেবী কালিন্দীরূপ মাস্থায় রক্ষে তিওঁতীতিভাবঃ।। ১১ ।। কর্তিকতি কালিকা পল্ল কর্বিকা কুওলী কুলকুওলিনীত্যগাঃ।। ১২ ।। দেব্যবাচেতি । গোলিন্দ্য সৌন্দর্যং

(मबुगवाठ।

গোবিন্দস্য কিমাশ্চর্য্যং সৌন্দর্যাৎ বয়সাকৃতিঃ।
তৎ সর্বং শ্রোতু মিচ্ছামি কথয়স্ব দয়ানিধে।১৩
মধ্যে বৃন্দাবনে রম্যে মঞ্জু মন্দার শোভিতে।
যোজনাবৃত তদ্ কৈঃ শাখা পল্লব বিস্তৃ তৈঃ।১৪।।
মহৎ পদং মহাদ্ধাম মহানন্দ রসাশ্রয়ং।
পুরাণ কুসুমৈ গদ্ধৈ শ্বভানি বৃন্দ সেবিতে।।১৫।

ভাষা

পুনর্কার দেবী বলিতেছেন, গোবিন্দ কপের কি আশ্চর্য্য মহিমা, সৌনদর্য্য, বয়স ও আকৃতি এই সকল আমার শুনিতে ইক্রা হইয়াছে তাহা বল।। ১৩।।

বৃন্দাবন মধ্যে এক যোজন বিস্তৃত অতি মনোহর মন্দার পাদ্প শোতিত স্থান আছে॥ ১৪॥

ঐ স্থানে মুক্তিপদ লাভ হয় এবং ঐ মহকাম দর্কানন্দ রদের একাধার বিবিধ স্থগন্ধি কুস্থম শোভিত পারিজাত বৃক্ষ শ্রেণী বিশিষ্ট।। ১৫।।

সম্ভার্থ।

বয়ঃ আকৃতিক আতৃ দিকানি ভরাত্তের বদেত্রথঃ।। ১৩।। মধ্য ইতি। মঞ্নন্দার শোভিতে মনোহর কংশাক্তম ভূষিতে। তদ্কৈঃ কংশার্কৈরিত্রথঃ।। ১৪।। মহদিতি। মহৎপদং প্রক্ষানং মহানন্দ্ রদাশমং নিত্যানদ্মন মিত্রথঃ।। ১৫।। তত্ত্তি। ভত্তবৃদ্ধিক তত্রাধঃস্থে সিদ্ধাণীঠৈ সতী কেশ বিনির্দ্ধিতে।
সপ্তাবরণকং স্থানং শ্রুতি মৃগ্যং নিরন্তরং ।১৬।
তত্র শুদ্ধং হেম পীঠং মণি মণ্ডিত মণ্ডপং।
তন্মধ্যে মঞ্জু রত্নশ্ব যোগ পীঠং সমুজ্জ্বলং ।১৭।
তদক্ষকোণ নির্দ্ধাণং নানা দীপ্তি মনোহরং।
তত্রোপরিচ মাণিক্য স্বর্ণ সিংহাসন স্থিতং ॥১৮।

ভাষা |

ভাহার অধোদেশে সভীকেশ বিনির্দ্মিত সিদ্ধ পীঠ আছে, ভাহা সপ্ত আবরণে আবৃত। ঐ স্থান বেদেরও অসু সন্ধ-নীয়॥ ১৬॥

তদ্পরি বিশুদ্ধ স্বর্ণ পীঠ ও মণিভূষিত মণ্ডপ আছে, তন্মধ্যে রত্ন নির্মিত অতি সমুজ্জ্বল মনোহর যোগ পীঠ আছে॥ ১৭॥

ঐ যোগ পীঠ অষ্টকোণ বিশিষ্ট নানা উজ্জ্বল পদার্থে দীপ্য-মান। তত্তপরি মাণিক্য সিংহাসন॥ ১৮॥

অস্থাৰ্থঃ i

আধঃত্তে আধোনেশে পার্বাতী কেশা রচিতে দিছ ক্ষেত্রে । আচতি মৃগ্যং বেদবিবেচিতং ।। ১৬ ।। তত্ত্তি । তত্ত্ত দিছ পীঠে। ম নভূত্তিত মগুপ-মন্তি তত্ত্ব কোন পীঠং অর্থাসনং ৷ তক্মধ্যে হেম পাঠোপরি বোগপীঠং যোগাসনমিত্যর্থঃ ।। ১৭ ।। তদিতি । তদু যোগাসনং অইকোন.নির্মাণঃ অইকোন বিশিক্তং । তত্ত্তাপরি যোগাসনে।পরি ।। ১৮ ।। গোবিক্ষেতি ।

গোবিন্দস্য প্রিয়ং স্থানং কিমস্য মহিমোচ্যতে।
শ্রীগোবিন্দং তত্ত্র সংস্থং বল্লরীবৃন্দ সেবিতং ।১৯
দিব্য ব্রজ বয়োকপং বল্লরী প্রিয় বল্লভং।
ব্রজেন্দ্র নিয়তে শ্বর্যাং ব্রজবালৈক বল্লভং।২০
যৌবনে ভিন্ন কৈশোরং স্কুবেশাক্তি বিগ্রহং।
শাস্তানন্দং পরং জ্যোতি দলিতাঞ্জন চিক্কণং।২১

ভাষা

এই স্থান গোবিদ্দের অতিশয় প্রিয়তর স্থতরাং ঐ স্থানের মহিমা আর কি বর্ণন করিব। ঐ স্থানে গোবিন্দ লতাবৃন্দে পরিদেবিত হইয়া সদা বিরাজ করেন॥ ১৯॥

ু প্রে পোরিন্দ, দিব্য ব্রজ বয়োরপধারী বৃন্দাবনের মহৈশ্ব্য ও ব্রজ বালকগণের অতি প্রিয় ॥ ২০॥

ঐ মূর্ত্তির যৌবন স্ময়ে ও কৈশোর ৰূপ প্রকাশিত থাকে। উহা অতি স্থন্দর শরীরধারী, শান্ত, মূর্ত্তিমান আনন্দ স্বরূপ, ও দলিত অঞ্চনের স্থায় উচ্জুল শ্যামবর্ণ।। ২১।।

অস্থাৰ্থঃ ৷

পোবিক প্রিয়ন্থানস্য মহিমা মাহাজ্মাং কি মুচ্যতে। বজরীকৃক্ষ সেবিতং বিবিশ্বলভাকক পোভিতং ।। ১৯ ।। দিবেয়তি দিব্যক্ষপেণ বয়সাচ মনো-হর মিডার্থঃ। ব্রজবালৈক বজভং ব্রজবালক প্রিয়ং ।। ২০ ।। যৌবন ইতি। যৌবন সময়েপি কেশোকপ মাবিক্ত মিডার্থঃ। দলিভাঞ্জন চিক্বং দলিভ ক্তজলবৎ সমুক্ত্ব মিডার্থঃ। ২১ ৷৷ অনাদিনিতি। অনাদিমাদি প্রাণেশং নন্দ গোপ প্রিয়াত্মজং।
স্মৃতি মগ্রামজং নিত্যং গোপীকুল মনোহরং।২২
পরং ধাম পরং কপং দ্বিভুজং গোপীকেশ্বরং।
বৃন্দাবনেশ্বরং ধ্যায়েৎ নিগু নিস্তাককারণং।২৩
নবীন নীরদ শ্রেণি স্থাম্মিশং মঞ্জু মঞ্জুলং।
ফুল্লেন্দীবর সৎকান্তি স্থাম্পর্লং স্থাশ্রয়ং।২৪
দলিতাঞ্জন পঞ্জাভ চিক্কাং শ্যাম মোহনং।
স্থাম্মিশ্ব নীল কুটিলাশেষ সৌরভ কুগুলং।।২৫।।

ভাষা ৷

স্মনাদি জগদাদি প্রাণেশ্বর গোবিন্দ নন্দ রাজার অতি প্রিয় পুক্ত গোপীজনের কুল মনোহারী।। ২২।।

পরমধান দ্বিভূজ গোপীকেশ্বর ত্রিগুণাতীত বৃন্দাবনে-শ্বর ॥ ২৩ ॥

নবীন নীরদ শ্রেণীর স্থায় অতি মনোহর স্থাস্থার প্রফুল কমলের স্থায় মুখ কমল, শরীর স্পর্শ অতি স্থথ কর।। ২৪।।

শ্রামের মোহন মূর্ত্তি দলিত অঞ্চনের স্থায় সমুজ্জুল ও সিংধ এবং নীল বক্ত কুন্তলে অতি শোভমান।। ২৫।।

অস্থার্থঃ।

জ্বাদি রহিতং সর্কাদ্যং প্রাণেশং পরমাত্মানং।। ২২।। পরমিতি।
পরধাম ব্রহ্মরূপং ত্রিস্তানস্থিক কারণং সন্ত্র্রন্ধমো গুণাতীতং।। ২৬।।
নবীনেতি। নবীন জলধর শ্যামং প্রাক্ত্রন্ধ পদ্মবং কান্তিমুতং স্থালার্শং
কোমলাজং স্থাপ্তাহং। সর্কাস্থানিকেডনমিত্যর্কঃ।। ২৪।। দলিতেতি।
দলিতাক্সন প্রেবং শ্যাম কলেবর মিত্যর্কঃ। কৃটিলালক শোভিত কুওলেনাতি মনোচরং।। ২৫।। তাদিতি। কুওলস্যোক্তি দকিণ্ডাগেবক্সীকৃতা

তদূর্দ্ধ দক্ষিণে ভাগে তির্যাক্ চূড়া মনোহরা।
নানারত্নোজ্জ্বলং রাজচ্ছিখণ্ডদল মণ্ডিতং।।২৬।
ময়ূর পুচ্ছ গুচ্ছাঢ্যং চূড়া চারু বিভূষিতং।
ক্রচিম্বর্ছ দল শ্রেণী মনোজ্ঞ মুকুটাম্বিতং।। ২৭।।
নানাভরণ মাণিক্য কিরীট ভূষিতং কটিং।
লোলালকাবৃতং রাজৎ কোটান্দু সদৃশাননং।
।। ২৮।।

ভাষা |

মস্তকোপরি দক্ষিণভাগে মনোহর চূড়া বক্রভাবে রহি-য়াছে। ঐ চাক চূড়া নানা রত্নে সমুজ্জ্বল ও শিথণ্ডি পুছে ভূষিত ॥ ২৬॥

কখন বা ময়ূর পুচ্ছ শোভিত চূড়াধারী, কখনও বর্হি পুচ্ছ ভূষিত মুকট ধারী॥ ২৭॥

ঐ কিরীট নানাবিধ মাণিক্য সজ্জিত; চঞ্চল অলকাবৃত মুখ, কোটি শশি সদৃশ।। ২৮।।

অস্থাৰ্থঃ ৷

চুড়া বিদ্যতে ইতিশেষঃ। নানারত্বেন সমুজ্জলং শিথিপুক্ছ শোভিতঞে-ভ্যর্থঃ।। ২৬ ।। মঞ্জীরেভি । মঞ্জীরং নূপুরং। কচিন্ময়ুর পুক্ষান্থিত মলোহর মুকুট শোভিতং।। ২৭ ।। নানেভি কটিদেস্থ নানাভরণ-স্থিত মাণিক্যেন ভূষিতমিতি। চঞ্চলালক শোভিত বন্ধনমিত্যথঃ ।। ২৮ ।। কন্তরীতি মুগনাভিক্ত নানারাগং। গোরোচনা বিশ্ব কস্তুরী তিলকং প্রাজন্মপ্ত, গোরোচনাচিতং।
নীলেদীবর স্থান্মিগ্ধ সুদীর্ঘ দল লোচনং।।২৯।।
উন্নত প্রলতাশেষ স্মিত্সাচী নিরীক্ষণং।
স্কুচাৰন্নত সৌন্দর্য্য নানাৰ্নপ নিৰূপণং।
নাসাগ্র গজসুক্রাংশু সুগ্ধীকৃত জগতল্রয়ং।৩০।
সিন্দুরারূণ স্থান্মিগ্ধ ওপ্তাধর মনোহরং।
নানারক্রোল্লসৎস্বর্ণ মকরাকৃতি কুওলং।। ৩১।।

ভ ষা ।

लमाटि कञ्जू রীভিলক, সর্কাঙ্গ গোরোচনালিপ্ত। স্থাসি মানিকাবির সদৃশ স্থানীর্ঘ নয়ন॥ ২৯॥

ঈবদ্বক উন্নত জ্বযুগল; কিবা ভিন্নপূর্ণ দৃষ্টি, দেহ সৌন্দর্য্য বচনাতীত। নাদাগ্রন্থিত গজমুক্তা ত্রিজগৎ দ্বিধা করিয়াছে।৩০।

মনোহর ওঠাধর বিশুদ্ধ সিন্দূরের স্থায় অৰুণ বর্ণ। কর্ণ যুগলে নানারত্ব থচিত মকরাকৃতি স্থবন কুণ্ডল।। ৩১।।

অস্থাৰ্থঃ ৷

বিপ্রায় নিত্যপথি। নীলেন্দীবর্বৎ স্ক্রিক্ষায়ত নয়নং ।। ২৯ ।। উল্লেখ্য উল্লেখ্য বিষয়ে কাল্ড বিবিধরণ ধারিলং । নানারণ নির্পণং বিবিধরণ ধারিলং । নানাপ্রছয়া গজমুক্ত য়া কিছুবনং স্ক্রিক্ট নিত্যবং ।। ৩০ ।। কিন্তু বিভাগ ওই। ধারং সিন্দু ব্রদ্ধি লোহিতং । নানারত্বেন উল্লেখ্য বিভাগ ধারণ বিভাগ ধারণ বিভাগ বিভ

কর্ণোৎপল স্থান্দার কুস্কুমোত্তম ভূষিতং। ত্রৈলোক্যান্ডুত সৌন্দর্য্যৎ তির্য্যগ্তীবা মনোহরৎ ।। ৩২ ।।

প্রস্কুরমঞ্জুনাণিক্য কয়ূকণ্ঠ বিভূষিতং। শ্রীবৎসকৌস্তুভোরঙ্কং মুক্তাহারলসৎশ্রিয়ং। ।। ৩৩।।

ভাষা |

এবং কুস্থমশ্রেষ্ঠ পারিজাত কর্নোৎপল রূপে শোভমান ইইতেছে। ত্রিভুবনে এরূপ সৌন্দর্য্য অসম্ভব; বক্র গ্রীবায় গ্রতি মনোহর শোভা ইইয়াছে॥ ৩২॥

গলদেশে মাণিক্য দীপ্তি পাইতেছে এবং রেখাত্রয় জতি মনোহর। বক্ষঃস্থলে শ্রীবৎস চিহ্ন ও কৌস্তভ মনি শোভিত হইতেছে এবং লম্বমান মুক্তাদাম শোভা পাই-ভেছে॥ ৩৩॥

অস্থার্থঃ !

মন্দারান্ত্যামতি ভূষিত মিত্যর্থঃ। বিভুবনে উদৃশাদ্ভ নৌদর্য্য মন্থ নাজীতিভাবঃ। তির্ক্তাবিয়া অতি মনোরমং। তং ।। শ্রেতি। উদ্যুদ্মনোরর মাণিক্য শোভিত বিরেখান্তি কঠং। বক্ষঃ স্থলে শ্রীবং চিহ্নং কৌস্তুভ মণিশ্চান্তীতি । ৩৩ ।। কন্দর্যতি। স্মনঃ কুসুমং। ক্ষুদ্ধান্তিঃ পুলৈপ্ত্রিত মিতি যাবং। করে কন্ধন কেযুরং কট্যাং

কদম মঞ্জুমন্দার স্থমনোদার ভূষিতং।
করে কন্ধন কেয়ূর কিন্ধিনী কটি শোভিতং।৩৪
মঞ্জুমঞ্জীর সোন্দর্য্য শ্রীমদন্তিত্র বিরাজিতং।
কপূরাগুরু কস্তুরী বিলসৎ চন্দনান্ধিতং।৩৫।
গোরোচনাদি সংমিশ্র দিব্যাঙ্গ রাগ চিত্রিতং।
গান্তীর নাভী কমলং লোমরাজিলতাসূজং।৩৬।

ভাষা |

কদম মন্দার প্রভৃতি মনোহর কুস্কম দকল দর্কালে বিস্তস্ত রহিয়াছে। হস্তদ্বয় কেয়ূর ও কক্কন ভূষিত, কটিদেশে কিকিনী যুক্ত কাঞ্চীগুণ।। ৩৪।।

মনোহর হৃপুর সৌন্দর্য্যে পাদদ্বয় শোভিত হইয়াছে এবং সর্বাঙ্গে কপুর, অগুৰু, চন্দন ও কস্তুরী প্রানেপন।। ৩৫।।

গোরোচনা মিশ্রিত বিবিধ রঞ্জনদ্রব্যে অঙ্গ চিত্রিত। গন্তীর নাভিদেশ; তথা হইতে মালার স্থায় ল্যেমরাজী উথিত হইয়া শোভা পাইতেছে॥ ৩৬॥

অস্থ্যাৰ্থঃ।

